আল আকসা রেষ্টুরেন্ট
প্রবাসে বাংলাদেশী খাবারের স্বাদ
আল আকসা পার্টিহল
পার্কচেষ্টারে বাঙ্গালী মালিকানায় সবচেয়ে বড় পার্টিহল ১০০-১৫০ জনের ধারণ ক্ষমতাসম্পন্ন
২১০৭ ষ্টার্লিং এভিনিউ, ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২
ফোন: ৭১৮-৯০৪-৭০৬১

শুরু হলো রোজা

বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্রে সোমবার থেকে শুরু হচ্ছে পবিত্র মাহে রামাদান। রোববার দিবাগত রাত তারাবিহর নামাজ আদায় ও শেষ রাতে সাহরি খেয়ে রোজা পালন শুরু করবেন মুসলমানরা। ইসলাম ধর্মমতে শ্রেষ্ঠতম (বাকি অংশ ১২ পাতায়)

২৮ বছরে

বাংলা পত্রিকা

The Weekly Bangla Patrika

বর্ষ ২৮ ॥ সংখ্যা ২৪ ॥ সোমবার ॥ ফাল্গুন ২৭ ॥ ১৪৩০ ॥ রমাদান ০১ ॥ ১৪৪৫ ॥ Vol. 28 ॥ Issue 24 ॥ March 11 ॥ 2024 ॥ USA. FREE in NY, Other State $1

আলাদীন
Aladdin
২৯-০৬ ৩৬ এভিনিউ, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
Tel: 718-784-2554

TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

পেশাদার চাকুরী আর নতুন প্রজন্মের সাফল্যে উজ্জ্বল হচ্ছে মুখ

কমিউনিটিতে বাড়ছে অশুভ প্রতিযোগিতা

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্ক সহ যুক্তরাষ্ট্রের বাংলাদেশী কমিউনিটিতে নানা অশুভ প্রতিযোগিতা বাড়ছে। এই প্রবাসে কমিউনিটির প্রসার বৃদ্ধির সাথে সাথে বাড়ছে ব্যবসা-বাণিজ্য, বাড়ছে সামাজি সংগঠন, বিভেদ-বিভক্তি নানা কিছু। তবে পেশাদার চাকুরী আর নতুন প্রজন্মের সাফল্যে কমিউনিটির মুখ উজ্জল হচ্ছে আমেরিকান কমিউনিটিতে। অপরদিকে করোনা মহামারীর সময়ে নানা অজুহাত আর সিটি ও ষ্টেট প্রশাসনের সুযোগ-সুবিধার কারণে অনেকে আগুল ফুলে কলাগাছে পরিণত হয়েছে- এমন অভিযোগও অনেকের বিরুদ্ধে। কমিউনিটির অভিজ্ঞ মহলের বরাতে নিউইয়র্ক ভিত্তিক বার্তা সংস্থা ইউএনএ'র অনুসন্ধানী খবরে বলা হয়েছে, বাংলাদেশ স্বাধীনতার পর থেকেই বাংলাদেশীরা যুক্তরাষ্ট্রে আসতে শুরু করলেও (বাকি অংশ ১২ পাতায়)

রমজানের শুভেচ্ছা জানালেন প্রেসিডেন্ট বাইডেন



বাংলা পত্রিকা ডেস্ক: পবিত্র রমজান মাস উপলক্ষে বিশ্বের সব মুসলমানদের প্রতি শুভেচ্ছা জানিয়েছেন প্রেসিডেন্ট জো বাইডেন। একইসাথে শুভেচ্ছা জানিয়েছেন যুক্তরাষ্ট্রের ফার্স্ট লেডি এবং বাইডেনের স্ত্রী জিল বাইডেনও। রোববার (১০ মার্চ) এক বার্তায় বাইডেন বলেন, নতুন চাঁদ ওঠার মাধ্যমে ইসলামের পবিত্র রমজান মাসের সূচনা হয়েছে এবং সারা বিশ্বের মুসলমানদের জন্য তাদের পক্ষ থেকে শুভেচ্ছা ও প্রার্থনা জানাচ্ছেন। তিনি বলেন, 'পবিত্র এই মাসটি নিজেকে ফিরে পাওয়ার একটি মাস। তিনি আরো বলেন এই বছরের এই মাসটি অপরিসীম বেদনার একটি মুহূর্তের সামনে এসেছে। গাজার যুদ্ধ ফিলিস্তিনি জনগণকে (বাকি অংশ ১১ পাতায়)

প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল করিমের ইন্তেকাল



ঢাকা ডেস্ক: প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রেস সচিব ইহসানুল করিম ইন্তেকাল করেছেন। ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি (বাকি অংশ ১২ পাতায়

ক্রাইম নিয়ন্ত্রণে এবার সীমান্তরক্ষী ন্যাশনাল গার্ড মোতায়েন

ফেব্রুয়ারী মাসে সিটিতে ২১ খুন, ১১৬ ধর্ষন, ছিনতাইয়ের ঘটনা ১,২২২



সালাহউদ্দিন আহমেদ: নিউইয়র্ক সিটিতে বিশেষ করে সাবওয়েতে অপরাধ বেড়ে গেছে। এনওয়াইপিডি'র তথ্য মতে সাম্প্রতিককালে সিটির ৫ বরোতেই কমবেশী অপরাধ বেড়েছে। গুলি-খুন সহ নানান ধরনের অপরাধ বেড়েই চলেছে। এদিকে গত বছরের জানুয়ারী মাসের তুলনায় এ বছর জানুয়ারী মাসে নিউইয়র্ক সিটির সাবওয়ে ক্রাইম ৪৬% বাড়লেও বলে গত বছরের ফেব্রুয়ারী মাসের তুলনায় এবছরের ফেব্রুয়ারী মাসে ০১.১% অপরাধ কমেছে বলে জানিয়েছে সিটি ট্রানজিট বিভাগ। তবে নিউইয়র্কে সামগ্রিক ক্রাইম রেট কমলেও সাবওয়ে ক্রাইম বেড়েই চলেছে দিনদিন, যা আতংকিত করে তুলেছে সিটির বাসিন্দাদের। চলতি বছরের প্রথম দুমাসেই তিনটি (বাকি অংশ ০৯ পাতায়)

কে পাবে লাঙ্গল প্রতীক : বিরোধ গড়াতে পারে আদালতেও

জাতীয় পার্টির দুই অংশে রশি টানাটানি





বিকাশ দত্ত, ঢাকা: দল ভাঙার পর এবার মূল জাতীয় পার্টি কোনটি এবং লাঙ্গল প্রতীক কে পাবে- তা নিয়ে শুরু হয়েছে 'রশি টানাটানি'। কে পাবে লাঙ্গল প্রতীক। সাবেক রাষ্ট্রপতি হুসেইন মুহম্মদ এরশাদের গড়া জাপার এক অংশের নেতৃত্বে রয়েছেন তার ছোট (বাকি অংশ ০৪ পাতায়)


স্টেট অব দ্য ইউনিয়ন ভাষণে বাইডেন

ইউক্রেন দিয়ে শুরু গাজা দিয়ে শেষ

বাংলা পত্রিকা ডেস্ক: ইউক্রেনে সামরিক সাহায্যের আহ্বান জানিয়ে স্টেট অব দ্য ইউনিয়ন (বাকি অংশ ০৪ পাতায়)

বাংলাদেশের স্বাধীনতা দিবস উপলক্ষে

মেয়র এরিকের বাসভবনে বাংলাদেশ হেরিটেজ ডে উদযাপন



বাংলা পত্রিকা রিপোর্ট: বাংলাদেশ হেরিটেজ মাস উপলক্ষে নিউইয়র্কে বসবাসরত বিভিন্ন শ্রেনি পেশার মানুষদের নিয়ে হেরিটেজ ডে উদযাপন করেছেন মেয়র এরিক অ্যাডামস। গত ৭ মার্চ বৃহস্পতিবার বিকেল ৫ টা থেকে ৭ টা পর্যন্ত মেয়রের সরকারি বাসভবন গ্রেসি ম্যানশনে বাঙালী কমিউনিটির বিশিষ্টজনদের (বাকি অংশ ১২ পাতায়)

নিউইয়র্কের সেহরি ও ইফতার সময়

	সেহরি শেষ	ইফতার
১ রমাদান ১১ মার্চ	৫.৫৪	৬.৫৮
২ রমাদান ১২ মার্চ	৫.৫২	৬.৫৯
৩ রমাদান ১৩ মার্চ	৫.৫১	৭.০০
৪ রমাদান ১৪ মার্চ	৫.৪৯	৭.০১
৫ রমাদান ১৫ মার্চ	৫.৪৭	৭.০২
৬ রমাদান ১৬ মার্চ	৫.৪৬	৭.০৪
৭ রমাদান ১৭ মার্চ	৫.৪৪	৭.০৫

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
► প্রাইভেট অকশনের বাড়ি
► পাবলিক অকশনের বাড়ি
► ব্যাংক মালিকানা বাড়ি
► শর্ট-সেল ও REO-প্রপার্টি
কল করুনঃ
৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Oreat Neck, NY 11021
nurulazim67@gmail.com
Nurul Azim

APOLLO INSURANCE BROKERAGE INC
WE DO TLC INSURANCE
EXIT LUXURY INC.
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
TAX Liens Charge-Offs Inquiries Collections
Garnishment Bankruptcy Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল $৫৪৯+
917-396-4140, 917-592-7828
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

AMIN PHARMACY
29-03, 36th Ave, Astoria, NY 11106
Tel: (718) 786-6611, Fax: (718) 786-6613
Contact: Pharmacist Dr. Monsur Chowdhury

AHAD&CO
CERTIFIED PUBLIC ACCOUNTANTS
ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
আই আর এস এবং স্টেট অডিট সমাধান
পে-রোল এবং বুককিপিং
আহ্বাদ আলী, সিপিএ
Tel: (929)371-9915 info@ahadandco.com
2153 Westchester Ave Suite 200, Bronx, NY 10462
47-01 Van Dam Street Long Island City, NY 11101

সব ধরনের Insurance!
Over 20 Years of Experience
Auto, Home, Business, Worker's Compensation & Disability
(718) 626-0733
(718) 626-2321
crescentinsurance@gmail.com
KABIR CHOWDHURRY
Crescent Insurance Brokegage Inc.
37-11 74 th Street # 2 Floor, Jackson Heights, NY 11372

www.banglapatrikausa.com

Tax & Consulting Services

for Individual and Businesses

Southeast USA Group Inc.

OUR SERVICES

- Tax Preparation & Planning
- Audits, Reviews, Compilations
- Bookkeeping/Write-Up
- Business Consulting
- IRS Representation
- Notary Public
- Payroll Services
- Retirement Planning
- Sales Tax Services



(917) 566-1612

Southeast USA Group Inc

Prof. Ehteshamul Haque

Financial & Business Planning

74-09 37th Avenue, Suite #206, Jackson Heights, NY 11372

Visit: www.southeastusagroup.com




সন্দ্বীপে বীর মুক্তিযোদ্ধা আবু জাফর মাহমুদ ফাউন্ডেশনের উদ্যোগে ত্রাণ সামগ্রী বিতরণ

নিউইয়র্ক: চট্টগ্রামের সন্দ্বীপে বীর মুক্তিযোদ্ধা আবু জাফর মাহমুদ ফাউন্ডেশনের উদ্যোগে সারিকাইত ইউনিয়নের দরিদ্র জেলেদের মাঝে ত্রাণ সামগ্রী বিতরণ করা হয়েছে। উল্লেখ্য, লবণাক্ততা বৃদ্ধি পাওয়ায় বঙ্গোপসাগরে মাছ পাওয়া যাচ্ছে না। এতে শত শত জেলে পরিবার মানবেতর জীবন যাপন করছেন।

গত ২৫ ফেব্রুয়ারী রোববার বিকেলে সন্দ্বীপ সারিকাইত ৫ নং ওয়ার্ড এলাকায় আনুষ্ঠানিকভাবে বিতরণ কার্যক্রম সম্পন্ন হয়। এতে প্রধান অতিথি ছিলেন বীর মুক্তিযোদ্ধা আবু জাফর মাহমুদের পুত্র বাংলাদেশ রেলওয়ে পাকশী সহকারি বাণিজ্যিক কর্মকর্তা ফারহান মাহমুদ আদিব। এছাড়াও মিরাজুল মাওলা রিজভী, আনোয়ার হোসেন, মোহাম্মদ শিহাব উদ্দিন, মুকুল মেম্বার, কাজী শাহাব উদ্দিনসহ অনেকে উপস্থিত ছিলেন। -প্রেস বিজ্ঞপ্তি।

শুভা রহমানের একক চিত্রকর্মের মাসব্যাপী প্রদর্শনী শুরু ১৫ মার্চ



বিশেষ প্রতিনিধি: আগামী ১৫ মার্চ শুক্রবার ২০২৪ থেকে 'In Quest of Infinitely' শিরোনামে নিউইয়র্কের লং আইল্যান্ড সিটির মোজাইক আর্ট স্পেসে (৪৯-২৮ ৩১ প্লেস লং আইল্যান্ড সিটি, নিউইয়র্ক ১১১০১) মাসব্যাপী শুরু হতে যাচ্ছে শিল্পী শুভা রহমান এর প্রথম একক চিত্র প্রদর্শনী। বেশ কিছু বড় আকারের ছবি স্থান পাবে এই প্রদর্শনীতে। ছবিগুলো তার অতি সমসাময়িক সময়ের আঁকা। শিল্পীর ছবির মূল বিষয় প্রকৃতি। অরণ্য বৃক্ষ লতাগুল্ম আকাশ নীলিমা হ্রদ ও পর্বতমালা তার চিত্রমালার দৃশ্যপট জুড়ে থাকে। তেল রঙে ছবি আঁকেন এবং ছবি আঁকার মূল উপাদান ক্যানভাস। এক্সপ্রেশনিজম ধারার ছবি আঁকেন, তাকে বলা যায় প্রকৃতিবাদী শিল্পী। নিউইয়র্ক এ বসবাসকারী এই চিত্রশিল্পী, পেশায় একজন স্থপতি, জন্ম বাংলাদেশের রাজধানী ঢাকায়। শিল্পকলার বিভিন্ন প্রায়োগিক ক্ষেত্রে অনেক সৃষ্টিশীল কাজের সাথে তিনি যুক্ত। এক সময় থিয়েটারের জন্য মঞ্চ পরিকল্পনা এবং কস্টিউম ডিজাইন করেছেন। শৈশব থেকেই তিনি ছবি আঁকতে শুরু করেন। বাবা-মা'র প্রথম সন্তান শুভা রহমান এক কন্যা সন্তানের জননী।

Never move or transfer your money to "protect it."

It's a scam.



Learn more at
ftc.gov/imposters

FEDERAL TRADE COMMISSION



গ্যাসের গন্ধ পাওয়া যাচ্ছে? দ্রুত কাজ।

যদি কিছু খারাপ মনে হয়... যেমন আপনি একটি পঁচা ডিমের গন্ধ পাচ্ছেন, একটি সাদা মেঘ দেখতে পান, জলে বুদবুদ, ধুলো উড়ছে বা মৃত গাছপালা, অথবা যদি আপনি একটি গর্জন, হিস শব্দ বা শিস শুনতে পাচ্ছেন- অবিলম্বে চলে যান এবং আপনার সাথে অন্যদেরও নিয়ে যান। যদি ফুটো বাইরের দিকে থাকে দূরে নিরাপদ স্থানে চলে যান। তাহলে কল করুন 911-এ বা 1-800-75-CONED.

conEd.com/gassafety-তে গ্যাস নিরপত্তা সম্পর্কে আরো জানু

conEdison

ইউক্রেন দিয়ে শুরু গাজা দিয়ে শেষ

(প্রথম পাতার পর)

ভাষণ শুরু করেছেন প্রেসিডেন্ট বাইডেন। বক্তব্য শেষ করেছেন গাজা যুদ্ধ ও সেখানকার মানবিক ও ত্রাণ সংকট সম্পর্কে উদ্বেগ প্রকাশ করে। গত ৭ মার্চ বৃহস্পতিবার কংগ্রেসের যৌথ অধিবেশনে এই ভাষণ দেন বাইডেন। বার্ষিক এ ভাষণে সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের কঠোর সমালোচনার পাশাপাশি যুক্তরাষ্ট্রের অভ্যন্তরীণ নানা বিষয় নিয়ে কথা বলেন তিনি। এসময় বাইডেন যুক্তরাষ্ট্রের অর্থনীতি বিশ্বের অন্যান্য দেশের কাছে ঈর্ষণীয় বলেও দাবী করেন।

আগামী নভেম্বরে অনুষ্ঠিতব্য প্রসিডেন্ট নির্বাচনের আগে বৃহস্পতিবারের স্টেট অব দ্য ইউনিয়ন ভাষণ ছিলো প্রেসিডেন্ট জো বাইডেনের জন্য গুরুত্বপূর্ণ। এ নিয়ে তৃতীয়বারের মতো জাতির উদ্দেশে ভাষণ দিলেন তিনি। এসময় ফার্স্ট লেডি জিল বাইডেনও তার সঙ্গে ছিলেন। জাতির উদ্দেশে দেওয়া ভাষণে তিনি সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের প্রতিও বিষোদগার করেন।

প্রেসিডেন্টের বার্ষিক এই ভাষণে অভিবাসন, গর্ভপাত, গণতন্ত্র, অর্থনীতি ও গাজা প্রসঙ্গে কথা বলেছেন বাইডেন। এক ঘণ্টারও বেশি সময় ধরে চলা ভাষণে ১৩ বার তিনি ট্রাম্পের নাম নিয়েছেন। আর ট্রাম্পকে সম্বোধন করেছেন তার পূর্বসূরি হিসেবে। ন্যাটোর চাঁদা দিতে ব্যর্থ সদস্য দেশে হামলা চালাতে রাশিয়াকে উৎসাহিত করায়, ট্রাম্পের সমালোচনা করেন বাইডেন।ট্রাম্পের এই অবস্থানকে বিপজ্জনক ও অগ্রহণযোগ্য বলে অভিহিত করেন তিনি। ভাষণে ২০১২ সালের ৬ জানুয়ারী ক্যাপিটল হিলে দাঙ্গার প্রসঙ্গ নিয়েও ট্রাম্পের প্রতি ক্ষোভ প্রকাশ করেন বাইডেন। অভিবাসন নিয়ে কথা বলতে গিয়ে বাইডেন বলেন, সিনেটে দ্বিদলীয় অভিবাসন আইনকে সমর্থন করতে রিপাবলিকানদের প্রতি আহ্বান জানিয়েছিলেন তিনি। কিন্তু নির্বাচনী লাভের জন্য ট্রাম্প বিলের বিরোধিতা করেছেন বলে অভিযোগ করেছেন বাইডেন। ভাষণে, প্রেসিডেন্ট হিসেবে প্রথম মেয়াদ পূরণের আগে এই সময়ে বাইডেন প্রশাসনের কৃতিত্বগুলো তুলে ধরার চেষ্টা করেন তিনি। বাইডেন বলেন, তার পূর্বসূরি যে অর্থনীতি রেখে গিয়েছিলেন, সেটা ছিল প্রায় ডুবতে বসা অর্থনীতি। সেখান থেকে বর্তমান অর্থনীতিতে অনেক ইতিবাচক পরিবর্তন এনেছেন তিনি। এখনকার অর্থনীতি বিশ্বের অন্যান্য দেশের কাছে ঈর্ষণীয় বলেও মন্তব্য করেন প্রেসিডেন্ট জো বাইডেন। ইউক্রেনে সামরিক সাহায্যের আহ্বান জানিয়ে ভাষণ শুরু করেছিলেন বাইডেন। বক্তব্য শেষ করেছেন গাজা যুদ্ধ ও সেখানকার মানবিক ও ত্রাণ সংকট সম্পর্কে উদ্বেগ প্রকাশ দিয়ে। গাজায় হতাহতের ঘটনাকে হৃদয় বিদারক হিসেবে অভিহিত করে বাইডেন বলেন, অসহায় ও ক্ষুধার্ত ফিলিস্তিনিদের জন্য ত্রাণ সরবরাহ নিশ্চিত করতে অবিলম্বে সেখানে অস্থায়ী বন্দর নির্মাণ করা হবে।

ভাষণ দিতে যাওয়ার পথে ফিলিস্তিপন্থী বিক্ষোভের মুখে বাইডেন এদিকে জাতির উদ্দেশে ভাষণ দেয়ার জন্য হোয়াইট হাউস থেকে ক্যাপিটল হিলে যাওয়ার পথে প্রেসিডেন্ট জো বাইডেনকে বাধা দেওয়ার চেষ্টা করেন কিছু বিক্ষোভকারী। রাজধানী ওয়াশিংটন ডিসির পেনসিলভানিয়া অ্যাভিনিউতে প্রায় ২০০ বিক্ষোভকারী কালো পোশাক পরে ফিলিস্তিনের পতাকা-ব্যানার নিয়ে জড়ো হন। ব্যানারে লেখা ছিল 'বাইডেনের শাসনামল জুড়ে রয়েছে গণহত্যা'। এসময় গাজায় যুদ্ধবিরতির দাবি জানান তারা। এরপর ঘটনাস্থলে পুলিশ এসে পরিস্থিতি নিয়ন্ত্রণের চেষ্টা করে। কিন্তু তীব্র বিক্ষোভের মুখে উপায় না পেয়ে বাইডেনের গাড়িবহর বিকল্প পথ দিয়ে হোয়াইট হাউস থেকে ক্যাপিটল হিলে যায়।

জাতীয় পার্টির দুই অংশে রশি টানাটানি

(প্রথম পাতার পর)

ভাই জিএম কাদের। অন্য অংশের নেতৃত্বে তার স্ত্রী রওশন এরশাদ ও ছেলে শাদ এরশাদ। উভয় অংশই তাদের পার্টিকেই মূল জাতীয় পার্টি বলে দাবি করছে। জিএম কাদেরপন্থিরা বলছেন, তারাই মূল জাতীয় পার্টি।

অন্যদিকে রওশনপন্থিরা বলছেন তাদেরটাই মূল দল। যে অংশ সম্মেলন করে রেজুলেশন নির্বাচন কমিশনে জমা দেবে তারাই হবে মূল দল। আজ বা কালের মধ্যে সম্মেলনের রেজুলেশন নির্বাচন কমিশনে জমা দেওয়া হবে বলে জানা গেছে। নির্বাচন কমিশন বিষয়টি সুরাহা করতে না পারলে শেষ পর্যন্ত বিষয়টি আদালত পর্যন্ত গড়াতে পারে বলে জানা গেছে।

এবার কাউন্সিলের মাধ্যমে জাপা সপ্তমবারের মতো ভেঙেছে। জাতীয় পার্টি ভাঙার জন্য যাদের নাম আসে তারা হলেন– আনোয়ার হোসেন মঞ্জু, নাজিউর রহমান মঞ্জু, ডা. এম এ মতিন, কাজী জাফর আহমেদ। সর্বশেষ রওশন এরশাদ। এখন দল ভাঙলেও কোনটি মূল দল তা নিয়ে হিসাব-নিকাশ শুরু হয়েছে। একটি অংশের দাবি, যারা প্রথমে কাউন্সিল করে রেজুলেশন নির্বাচন কমিশনে জমা দেবে তারাই মূল জাপা। অন্যদিকে নির্বাচন কমিশন সূত্রে জানা গেছে, প্রেসিডিয়াম সদস্য যেই অংশে বেশি সেই অংশকেই স্বীকৃতি দেবে কমিশন। আর সেই বিচার না মানলে ক্ষুব্ধ অংশকে যেতে হবে আদালতে। জি এম কাদেরের নেতৃত্বাধীন জাতীয় পার্টির মহাসচিব মুজিবুল হক চুন্নু বলেছেন, আরেকটি ব্র্যাকেটবন্দী দল হতেই পারে। কিন্তু আ-মরাই মূল জাতীয় পার্টি। রওশন এরশাদপন্থিদের পৃথক কাউন্সিল করা দলের গঠনতন্ত্রবিরোধী। তবে আমরা তাদের কার্যক্রমকে গুরুত্ব দিচ্ছি না। জি এম কাদেরের নেতৃত্বে জাতীয় পার্টি ঐক্যবদ্ধ রয়েছে এবং থাকবে।

অন্যদিকে রওশনপন্থি জাপার কো-চেয়ারমান সুনীল শুভ রায় বলেছেন, চুন্নু সাহেব স্বপ্নে বাতাসা খাচ্ছেন। তিনি এসব ভেবে মনে সুখ পাচ্ছেন। দেশের মানুষ জানে, কোনটি মূল জাতীয় পার্টি। যে অংশ সম্মেলন করে রেজুলেশন নির্বাচন কমিশনে জমা দেবে, তারাই মূল অংশ। আমরা সম্মেলন করেছি। আজকালের মধ্যেই রেজুলেশন নির্বাচন কমিশনে জমা দেব। অন্যকিছু করতে গেলে নির্বাচন কমিশনকে নিজ দায়িত্বেই করতে হবে। এর পরও তো আদালত আছে।

এ বিষয়ে ইসির অতিরিক্ত সচিব অশোক কুমার দেবনাথ বলেন, প্রেসিডিয়াম সদস্য সংখ্যার ভিত্তিতে সিদ্ধান্ত আসবে। কোন কমিটিতে কতজন প্রেসিডিয়াম সদস্য আছেন, সে হিসাব হবে। যাদের পাল্লা ভারি সেই অনুযায়ী সিদ্ধান্ত হবে। এক্ষেত্রে গণতন্ত্রী পার্টির মতোও পরিস্থিতি গড়াতে পারে। দলটির দুটি অংশই নিজেদের গণতন্ত্রী পার্টি দাবি করায় সম্প্রতি তাদের নিবন্ধন বাতিলের সিদ্ধান্ত দিয়েছিল ইসি। এমনকি দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে তাদের সব প্রার্থীর মনোনয়নপত্র বাতিলের সিদ্ধান্ত হয়েছিল। পরে তারা আদালতে গেলে এবং ইসিতে প্রার্থীদের প্রার্থিতা বহাল রাখার আবেদন জানালে তা মঞ্জুর করে নির্বাচন কমিশন। মূল কমিটি কার নেতৃত্বে- এমন বিরোধে ইসির সিদ্ধান্ত না মানলে সেই পথেও এগোতে পারে সংস্থাটি। এক্ষেত্রে আদালতই হতে পারে জাপার শেষ আশ্রয়স্থল।

এর আগে, ২০২২ সালের ২৬ নভেম্বর 'দলের দশম জাতীয় সম্মেলন' ডেকে ৩০ অক্টোবর ওই সম্মেলন থেকে সরে আসেন রওশন অংশের নেতাকর্মীরা। ওই সম্মেলন বাস্তবায়ন কমিটির সদস্য সচিব ছিলেন সাবেক রাষ্ট্রদূত গোলাম মসিহ্। তবে আসন্ন কাউন্সিলে তার কোনো সম্পৃক্ততা নেই বলে জানান সাবেক এই রাষ্ট্রদূত। ১৯৮৬ সালের ১ জানুয়ারী 'জাতীয় পার্টি' নামে একটি রাজনৈতিক দল প্রতিষ্ঠা করেন হুসেইন মুহম্মদ এরশাদ। এই দলে ভাঙন এসেছে বহুবার। দলটির নেতাদের সঙ্গে কথা বলে জানা গেছে, ইতোমধ্যে এই নামেই আরও ভিন্ন ভিন্ন দল রয়েছে, যারা বিভিন্ন সময় এরশাদের জাতীয় পার্টিতে ছিলেন।

১৯৯৬ সালে 'আওয়ামী লীগ'কে সমর্থন দেওয়াকে কেন্দ্র করে জাতীয় পার্টি (নিবন্ধিত) নামে নতুন দল করেন আনোয়ার হোসেন মঞ্জু। ২০০১ সালে নির্বাচনের আগে নাজিউর রহমান মঞ্জু জাতীয় পার্টি-বিজেপি (নিবন্ধিত) নামে আরেকটি দল গঠন করেন। এই অংশটির নেতৃত্ব দিচ্ছেন তার ছেলে আন্দালিভ রহমান পার্থ। পরে এই অংশটির মধ্যেও ভাঙন ধরে। সৃষ্টি হয় এম এ মতিনের নেতৃত্বে নতুন জাতীয় পার্টি-বাংলাদেশ জাতীয় পার্টি (নিবন্ধিত)। ২০১৪ সালের নির্বাচনের আগে জাতীয় পার্টি ভাঙেন সাবেক প্রধানমন্ত্রী কাজী জাফর আহমেদ। ২০১৩ সালের ২০ ডিসেম্বর জাতীয় প্রেসক্লাব মিলনায়তনে এরশাদকে বহিষ্কার করে দলের বিশেষ কাউন্সিলের মাধ্যমে নতুন জাতীয় পার্টির ঘোষণা দিয়েছিলেন তিনি। বর্তমানে এই অংশটি অনিবন্ধিত ও সাবেক মন্ত্রী মোস্তফা জামাল হায়দারের নেতৃত্বে সরকারবিরোধী আন্দোলনে রয়েছে।

রওশন এরশাদের নেতৃত্বে কার্যত এখন জাতীয় পার্টির ষষ্ঠ ধারাটি সামনে এলো। ৯ মার্চের সম্মেলনের মধ্য দিয়ে আনুষ্ঠানিকভাবে দেশে ৬টি ভিন্নভিন্ন 'জাতীয় পার্টি' সক্রিয় হলো। এগুলো- জিএম কাদেরের নেতৃত্বাধীন জাতীয় পার্টি, রওশন এরশাদের নেতৃত্বাধীন জাতীয় পার্টি, জাতীয় পার্টি (জেপি-মঞ্জু), বাংলাদেশ জাতীয় পার্টি (বিজেপি-পার্থ), জাতীয় পার্টি (কাজী জাফর), জাতীয় পার্টি (মতিন)। এরশাদের সাবেক স্ত্রী বিদিশাও জাপা পুনর্গঠন নামে রাজনৈতিক অঙ্গনে রয়েছেন।

হুসেইন মুহম্মদ এরশাদের জীবদ্দশা থেকেই জাপায় দ্বন্দ্ব চলছে রওশন এরশাদ ও জি এম কাদেরের। ২০১৯ সালে এরশাদের মৃত্যুর পর জ্যেষ্ঠ নেতাদের মধ্যস্থতায় সমঝোতা হয়। জি এম কাদেরকে নেতৃত্ব থেকে সরাতে ২০২২ সালের আগস্টে কাউন্সিলের ডাক দেন তিনি। পাল্টা ব্যবস্থা হিসেবে রওশনকে বিরোধী দলের নেতার পদ থেকে সরাতে চেষ্টা করেন জি এম কাদের। তবে সরকারের সমর্থনে টিকে যান রওশন।

২০২৩ সালের জানুয়ারীতে সরকারের মধ্যস্থতায় সমঝোতা হয় জাপা চেয়ারম্যান জি এম কাদের ও প্রধান পৃষ্ঠপোষক রওশনের। তবে কয়েক মাস পর তা ভেঙে যায়। দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে রওশনপন্থিদের মনোনয়ন না দিলে সে বিরোধ চরম আকার ধারণ করে। জাপার মনোনয়ন প্রত্যাখ্যান করে নিজ হাতে জাপার কর্তৃত্ব রাখতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সাক্ষাৎও করেন রওশন এরশাদ। তবে তার অংশ আর ভোট করেনি। এর মাঝে মহাজোট ২৬টি আসন ছেড়ে দিলেও ৭ জানুয়ারীর ভোটে জাপা ঘরে মাত্র ১১টি আসন তুলতে পারেন কাদেরপন্থিরা। ২৮ জানুয়ারী জি এম কাদেরকে অব্যাহতি দিয়ে নিজেকে জাপার চেয়ারম্যান ঘোষণা করেন রওশন এবং সম্মেলনের ঘোষণা দিয়ে নিজের কমিটিই আমলে নেওয়ার জন্য ইসিতে চিঠি দেন। তবে নির্বাচন কমিশন গত ১৯ ফেব্রুয়ারী সেই চিঠির আবেদন নামঞ্জুর করে।

এদিকে শনিবার (৯ মার্চ) ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন মিলনায়তনে জাতীয় পার্টির দশম জাতীয় কাউন্সিল করেন রওশন এরশাদপন্থিরা। কাউন্সিলে রওশন এরশাদকে দলের চেয়ারম্যান হিসেবে আগামী ৩ বছরের জন্য নির্বাচিত করা হয়। কাউন্সিলে আগামী তিন বছরের জন্য জাতীয় পার্টির মহাসচিব নির্বাচিত হয়েছেন কাজী মামুনুর রশীদ। সিনিয়র কো-চেয়ারম্যান সৈয়দ আবু হোসেন বাবলা নির্বাচিত। এছাড়া পাঁচজন কো-চেয়ারম্যান হিসেবে নির্বাচন করা হয়েছে। কো-চেয়ারম্যানরা হলেন, শাহিদুর রহমান টেপা, শফিকুল ইসলাম সেন্টু, সাদ এরশাদ, গোলাম সারওয়ার মিলন, সুনীল শুভ রায়। সুনীল শুভ রায় জাতীয় পার্টির মুখপাত্রের দায়িত্ব পালন করবেন।

জাতীয় পার্টির দুই শীর্ষ নেতা রওশন এরশাদ ও জিএম কাদেরের দ্বন্দ্ব অনেক পুরোনো। তবে ৭ জানুয়ারীর নির্বাচনে মনোনয়নবঞ্চিত হওয়ায় শীর্ষ নেতৃত্বের ওপর ক্ষুব্ধ হন রওশনপন্থিরা। অন্যদিকে, ছেলে সাদ এরশাদকে রংপুরের মনোনয়ন না দেওয়ায় রওশন এরশাদ নির্বাচন থেকে বিরত থাকেন। এর জেরে নতুন করে জাপায় দ্বন্দ্ব শুরু হয়।





বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika
Editor : **Abu Taher**
Tel: 718-482-9923, 718-482-1169
Fax: 718-482-9935

সম্পাদকীয়

স্বাগতম মাহে রমজান

মহান আল্লাহর নামে আরম্ভ, যিনি পরম দয়ালু করুণাময়। সমস্ত প্রশংসা আল্লাহর জন্য, যিনি আমাদেরকে মাহে রমজান দান করেছেন। আল্লাহর অফুরন্ত রহমতের অনন্য বৈশিষ্ট্যে ভরা পবিত্র মাস রমজানুল মোবারক শুরু হলো। আলহামদুলিল্লাহ। সু-স্বাগতম পবিত্র মাহে রমজান। ওহে তাক্ওয়া অর্জনের মাস স্বাগতম, ওহে গুনাহ মাফের মাস তোমায় সহস্র মোবারকবাদ, বিশ্ব মুসলিম সারা বছর অপেক্ষায় থাকেন এ পুণ্যময় পুতপবিত্র মাসের। অসংখ্য ফজিলত ও মর্যাদাপূর্ণ মাস এটি। পবিত্র কোরআনে বর্ণিত হয়েছে, 'শাহ্রু রমাদ্বান আল্লাজি উনজিলা ফিহিল কোরআন'। রমজান মাস, যাতে কোরআন অবতীর্ণ হয়েছে। মানব জাতির হেদায়তের জন্য এ গ্রন্থখানা সৎপথের স্পষ্ট নিদর্শন এবং সত্যাসত্যের পার্থক্যকারী। পবিত্র কোরানে আরবি বারো মাসের মধ্যে একমাত্র রমজান মাসের নাম উল্লেখ আছে। সর্বশ্রেষ্ঠ মহাগ্রন্থ আল কুরআন অবতীর্ণের কারণেও এ মাস শ্রেষ্ঠত্বের অধিকারী।

নবুওয়তের পনেরতম বর্ষে শাওয়াল মাসের দশ তারিখ, দ্বিতীয় হিজরি সনে রোজা ফরজ হয়। আত্মিক (আধ্যাত্মিক) উন্নতি তথা মনের পবিত্রতা লাভের এক সুবর্ণ সুযোগ এনে দেয় সিয়াম-সাধনা। রোজা আদায়ের মাধ্যমে আত্মার পরিশুদ্ধি, প্রবৃত্তির নিয়ন্ত্রণ ক্ষমতা এবং ইবাদতের প্রতি অধিক মনোনিবেশ করার ইচ্ছাশক্তি জাগ্রত হয়। ওজু গোসল দ্বারা মানুষের শরীর পবিত্র হয় আর রোজার দ্বারা মানুষের আত্মা এমন পুতঃপবিত্র হয় যাতে করে আল্লাহর ইবাদতের প্রতি আগ্রহ তৈরী হয়।

নাফ্স ও রুহের সমন্বিতরূপই জীবন। নাফস্ খানাপিনার দ্বারা শক্তিশালি হয়, পক্ষান্তরে রোজার দ্বারা নাফস্ দুর্বল হয় ফলে আত্মা শক্তিশালী হয়ে ইবাদতের প্রতি উৎসাহী হয়। মুসলমানদের পাপমুক্ত করে সুন্দর, সুস্থ ও পবিত্র জীবন গঠনের সুযোগ দানের জন্যই মহান আল্লাহর পক্ষ হতে এক অনন্য নেয়ামত রমজানুল মোবারকের এ মাস।

মুমিন মুসলমানগণ দুনিয়ার ক্ষণস্থায়ী জীবনে শয়তানের ধোঁকায় পড়ে নানা পাপ-পঙ্কিলতায় নিমজ্জিত হয়ে পড়ে। চিরস্থায়ী জীবনের কথা ভুলে যখন পথভ্রষ্ট হয়, তখন তাদের পাশবিকতার পঙ্কিল থেকে উদ্ধার করে দেহ-মনকে পবিত্র করে আল্লাহর নির্দেশিত পথে জীবন গঠনের মাধ্যমে খাঁটি মুমিনে পরিণত করাই রমজানের সিয়াম সাধনার উদ্দেশ্য। মাসব্যাপী রোজা আদায়ের দ্বারা রোজাদারের সমস্ত পাপ ধুয়ে-মুছে পবিত্র হয়ে যায়, দেহ-মনে পুতঃপবিত্র হয়। তইতো পবিত্র রমজান মাস আসলে মুসলমান সমাজে এক অপার্থিব আনন্দের সূচনা হয়।

হাদীস শরীফে বর্ণিত হয়েছে রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলায়হি ওয়াসাল্লাম ইরশাদ করেন, রমযানের চাঁদ উদয় হওয়ার সাথে সাথে আসমানের দরজাসমূহ খুলে দেওয়া হয়। অপর বর্ণনায় রয়েছে বেহেস্তের দরজা সমূহ খুলে দেওয়া হয় দোজখের দরজা সমূহ বন্ধ করে দেওয়া হয়। শয়তানকে শিকলাবদ্ধ করা হয়। অপর বর্ণনায় এসেছে রহমতের দরজা সমূহ খুলে দেওয়া হয়। এ হাদীসের ব্যাখ্যায় বলা হয়েছে আসমানের দরজা সমূহ খুলে দেওয়ার অর্থ হলো রহমত নাজিল করা এবং বেহেস্তের দরজাসমূহ খুলে দেওয়ার অর্থ হলো ভাল কাজের তাওফিক দেওয়া, যা বেহেস্তে প্রবেশ করার উসিলা হয়। 'শয়তানকে শিকলাবদ্ধ করা হয়' এর ব্যাখ্যায় হাদীস বিশারদ মোল্লা আলী কারী রহমাতুল্লাহি আলায়হি বলেন- শয়তান রমযান মাসে মানুষকে পথভ্রষ্ট করতে তেমন সুযোগ পায়না যেমন সুযোগ অপর মাসে পায়। কেননা রমযান মাসে রোজাদার কোর-আন তেলাওয়াত ও অপরাপর ইবাদত বন্দেগীতে লিপ্ত থাকে। ফলে কুপ্রবৃত্তি নিয়ন্ত্রণ হয়। এ মাসে নেক কাজের এমন বায়ু প্রবাহিত হয় যে,মন আপনা আপনি নেক কাজের জন্য প্রস্তুত হয়ে যায়। আল্লাহ তাআলার ঘোষক নেক কাজে লিপ্ত বান্দাদের পিঠ চাপড়িয়ে চাপড়িয়ে সম্মুখে অগ্রসর করে। এমতাবস্থায় মুমিন বান্দা অত্যন্ত উৎসাহ উদ্দিপনা নিয়ে সৎকাজে আত্মনিয়োগ করে। তাই দেখা যায় রমযান মাসে ছোট বড় সকলে পাঁচ ওয়াক্ত নামাজ আদায়ে একাগ্র হয় প্রফুল্ল মন নিয়ে। সাথে সাথে রাতের বেলা তারাবীর বিশ রাকাত নামাজ খুশি মনে আদায় করে। মুসলমানদের মাঝে ইবাদত-বন্দেগীর প্রতি উৎসাহ-উদ্দীপনা সৃষ্টি হয়। প্রতিটি মসজিদ মুসল্লীতে ভরপুর হয়ে উঠে।

দেশে দেশে সরকার, প্রশাসন, স্থানীয় সব কর্তৃপক্ষ ও মসজিদ কমিটির কর্মকর্তাদের উচিৎ পবিত্র রমজান মাসে মুসল্লিদের ইবাদত বন্দেগীর সুবিধার্তে নিজ নিজ স্থান থেকে সাধ্যমতো সহযোগীতা করা। যাতে ধর্মপ্রাণ মুসল্লিগণ নির্বিঘ্নে রোজা-নামাজ আদায় করতে পারেন। মুসলমান-রোজাদারের প্রতি সম্মান প্রদর্শন করে দিনের বেলায় যেন সব ধরনের অশ্লীল কার্যকলাপ হতে না পারে, সে দিকে দৃষ্টি দেওয়া। আর সেই পথ ধরে আগামী জীবন সুন্দর ও পবিত্র করা।

মহান আল্লাহ আমাদের সকলকে যথাযথভাবে রোজা আদায়ের মাধ্যমে সিয়াম-সাধনার উদ্দেশ্য পূরণের তৌফিক দিন- আমিন।

ট্রাম্প এবার যেসব কারণে জিততে পারবেন না

॥ রিড গ্যালেন ॥

ডোনাল্ড ট্রাম্প যুক্তরাষ্ট্রের সর্বকালের অসম্ভাব্যতম প্রেসিডেন্ট ছিলেন। ২০১৬ সালে তিনি যখন নির্বাচনী প্রচারণা চালাচ্ছিলেন, তখন নির্বাহী ক্ষমতা বলতে তাঁর তেমন কিছুই ছিল না। ওই সময়টাতে তাঁর সর্বোচ্চ নির্বাহী ক্ষমতা ছিল, একটি টেলিভিশনে প্রচারিত রিয়েলিটি শোর সঞ্চালক হিসেবে প্রতিযোগীদের 'ইউ আর ফায়ারড' বলে অনুষ্ঠান থেকে বের করে দেওয়া।

বিরাট একটা বোর্ডরুম টেবিলের সামনে বসে মিথ্যামিথ্যি 'ইউ আর ফায়ারড' বলে প্রতিযোগীদের বহিষ্কার করার সেই সিনেমাটিক দৃশ্য লাখো আমেরিকান ভোটারকে আশ্বস্ত করেছিল, তিনিই আমেরিকার প্রেসিডেন্টের গদিতে বসার যোগ্য। সেসব ভোটারের মধ্যে এমন কিছু ভোটার ছিলেন, যাঁরা জীবনে প্রথমবারের মতো ভোট দিয়েছিলেন, তাঁদের মনে হয়েছিল একমাত্র ডোনাল্ড ট্রাম্পই আমেরিকাকে আবার আগের মর্যাদায় ফিরিয়ে আনার সক্ষমতা রাখেন।

সময়টা ট্রাম্পের জন্য লাগসই ছিল। ভাগ্য তাঁর প্রতি প্রসন্ন ছিল। এর সঙ্গে জনগণের সেই ধারণা মিলিত হয়ে ট্রাম্পকে হিলারি ক্লিনটনকে পরাজিত করতে সক্ষম করে তুলেছিল। তবে ট্রাম্প যে পরিমাণ ভোটে বিজয়ী হয়েছেন বলে দাবি করেছিলেন, প্রকৃতপক্ষে তিনি তত ভোট পাননি। অতি সামান্য ভোটের ব্যবধানে তিনি হিলারিকে পরাজিত করেছিলেন। প্রকৃতপক্ষে হি-লারির চেয়ে তিনি পপুলার ভোট ২৮ লাখ কম পেয়েছিলেন। যুক্তরাষ্ট্রের ইতিহাসে পপুলার ভোটের এত ব্যবধান এর আগে কখনো দেখা যায়নি।

তখন থেকেই ব্যালট বাক্সে ট্রাম্প বিষাক্ত প্রমাণিত হয়েছেন। ২০১৮ সালের মধ্যবর্তী নির্বাচনে ট্রাম্পের ডেমোক্রেটিক পার্টি রিপাবলিকান পার্টিকে পরাজিত করে। ২০২০ সালের প্রেসিডেন্ট নির্বাচনে ট্রাম্প ইলেকটোরাল কলেজ ভোটে সামান্য ব্যবধানে এবং পপুলার ভোটে বিপুল ব্যবধানে পরাজিত হন। ২০২২ সালের মধ্যবর্তী নির্বাচনে দেশজুড়ে ট্রাম্পের পছন্দের প্রার্থীরা হেরেছিলেন এবং ডেমোক্রেটিক প্রার্থীরা অ্যারিজোনা, মিশি-গান, পেনসিলভানিয়া এবং উইসকন-সিনসহ গুরুত্বপূর্ণ রাজ্যগুলোতে হয় নিজেদের আসন ধরে রেখেছেন, নয়তো রিপাবলিকান আসন জিতেছেন।


এই ব্যর্থতা ট্রাম্পের প্রতিদ্বন্দ্বিতায় ফিরে না আসার গুঞ্জনকে কিছুটা জোরালো করলেও ট্রাম্প দলের চালিকাশক্তির ওপর দ্রুত নিয়ন্ত্রণ নিতে পেরেছেন এবং সবচেয়ে চরমপন্থী সদস্যদের অনুসারী বানাতে সক্ষম হয়েছেন।

দলীয় প্রার্থী বাছাইয়ের এটি এমন একটি পদ্ধতি, যার কারণে এ বছরের শেষেই ট্রাম্প এবং রিপাবলিকান পার্টি উভয়কেই একটি বিধ্বংসী নির্বাচনী পরাজয়ের মুখো-মুখি হয়ে অনুশোচনা করতে হবে।

ট্রাম্পের অভব্য আচরণ, গণতন্ত্রবিরোধী কথাবার্তা এবং প্রতিপক্ষকে উপর্যুপরি হুমকি দিয়ে যাওয়া নভেম্বরের নির্বাচনে তাঁর পরাজয় ডেকে আনবে। তবে যে বিষয়টি ট্রাম্পকে নিশ্চিতভাবে স্থায়ী অবসরে পাঠিয়ে দেবে, সেটি হলো আমেরিকার জনসংখ্যাগত অবস্থা। অবস্থাদৃষ্টে মনে হচ্ছে, ফরাসি দার্শনিক অগাস্তে কমতের 'জনসংখ্যাই নিয়তি' বলে যে তত্ত্ব চালু আছে, সেটি আগের যেকোনো প্রেসিডেন্ট নির্বাচনের ফলাফলের তুলনায় আসন্ন নির্বাচনের ক্ষেত্রে অনেক বেশি প্রাসঙ্গিক হতে পারে। এর মধ্য দিয়ে ট্রাম্পের প্রার্থিতা প্রায় নিশ্চিত হয়ে গেছে। তবে নিকি হ্যালি ট্রাম্পকে প্রার্থী হিসেবে অনুমোদন দিয়ে যাননি। তিনি ভোটারদের বলেছেন, তাঁরা চাইলে ট্রাম্পকে ভোট দিতেও পারেন, না-ও পারেন। ট্রাম্পের পুনর্নির্বাচনের ক্ষেত্রে সন্দেহ করার এটাও একটি বড় যৌক্তিক কারণ। নিকি হ্যালির সমর্থকদের একটি অংশ হয় ভোটদানে বিরত থাকবেন, নয়তো জো বাইডেনকে ভোট দেবেন।

২০১৬ ও ২০২৪ সালের মধ্যবর্তী সময়ে প্রায় দুই কোটি বয়স্ক আমেরিকান ভোটার মারা গেছেন এবং ৩ কোটি ২০ লাখ তরুণ ভোটার হওয়ার বয়সে পৌঁছেছেন। অনেক তরুণ ভোটার উভয় দলকেই ঘৃণা করেন। এবং রিপাবলিকানরা কলেজ ক্যাম্পাসে সক্রিয়ভাবে (বেশির ভাগই শ্বেতাঙ্গ পুরুষ) তাদের কর্মী সংগ্রহ করছে। তবে শূন্য প্রজন্মের এই নতুন ভোটাররা মানবাধিকার, গণতন্ত্র এবং পরিবেশ ইস্যুতে অনেক উদারপন্থী। এই প্রবণতা তাঁদের ডেমোক্রেটিক পার্টিকে ভোট দিতে উৎসাহিত করতে পারে।

বাস্তবতা হলো, ২০১৬ সালে ট্রাম্প আমেরিকান রাজনীতিতে পদচারণের পরই রিপাবলিকান পার্টি অনেক বেশি শ্বেতাঙ্গবান্ধব, অনেক বেশি প্রাচীনপন্থী, অনেক বেশি পুরুষতান্ত্রিক এবং অনেক বেশি চরমপন্থী হয়ে উঠেছে।



ট্রাম্পের গোঁয়ার্তুমির কারণে দলটি উদারপন্থী এবং স্বাধীনতায় বিশ্বাসী মানুষের কাছে তার আবেদন হারিয়ে ফেলেছে।

ট্রাম্পের হাতে এখন যে পরিমাণ ভোটার আছেন, তার চেয়ে অনেক বেশি ভোটার আছে প্রেসিডেন্ট জো বাইডেনের হাতে। তার মানে এই নয় যে জো বাইডেনের নির্বাচনে জয়ী হওয়া খুব সহজ হবে। তবে অধিকসংখ্যক ভোটার তাঁর হাতে থাকার কারণে ভোটারদের অনুপস্থিতিজনিত সংকটে তিনি ট্রাম্পের চেয়ে সুবিধাজনক অবস্থায় থাকতে পারবেন।

ট্রাম্পকে এ নির্বাচনে জিততে হলে অবশ্যই তাঁর অনুসারীদের প্রায় সবাইকেই ভোট দিতে নির্বাচনকেন্দ্রে আনতে হবে। এ ছাড়া এমন অনেক রিপাবলিকান ভোটার আছেন, যাঁরা গত নির্বাচনে ট্রাম্পকে ভোট দিলেও এত দিনে তাঁর ব্যক্তিগত আচরণ ও নীতির কারণে তাঁর ওপর বীতশ্রদ্ধ হয়েছেন।

আমেরিকার জনগণ এখন যতগুলো ইস্যু মোকাবিলা করছে, রিপাবলিকান পার্টি ঠিক তার উল্টো অবস্থানে রয়েছে। প্রজননন অধিকারের কথাই ধরা যাক। রিপাবলিকান দলের 'ছিনতাই করে নেওয়া' সুপ্রিম কোর্ট ২০২২ সালে রো ভার্সেস ওয়েড আইনটি বাতিল করে দেয়। এই আইনের বলে অর্ধশতাব্দীর বেশি সময় ধরে নারীরা গর্ভপাতের স্বাধীনতা ভোগ করে আসছিলেন। কিন্তু চরম রক্ষণশীল রাজ্য আইনসভাগুলোতে গর্ভপাত নিষিদ্ধ করা হয়েছে। এমনকি ধর্ষণ অথবা পিতা কিংবা ভাইয়ের মতো নিকট স্বজনের সঙ্গে শারীরিক সংসর্গজনিত কারণে গর্ভবতী হয়ে পড়ার পরও সেসব রাজ্যে নারীদের গর্ভপাতের অনুমতি দেওয়া হয় না। ট্রাম্পের এই নীতির কারণে অনেক নারী এবং উদারপন্থী ভোটার ডেমোক্র্যাট শিবিরের সঙ্গে শক্তভাবে যুক্ত হয়েছেন, অনেকে এই নীতিও গ্রহণ করেছেন, ট্রাম্প ছাড়া যে কেউ প্রেসিডেন্ট হতে পারেন।

জাতীয় নিরাপত্তার প্রশ্নে ট্রাম্প প্রায়ই নিজেকে আমেরিকার ঐতিহ্যগত শত্রুপক্ষের সঙ্গে সংযুক্ত করেছেন; যার ফলে তাঁর নিজের দলের নেতারা রাগান্বিত হয়েছেন।

অনেক বয়স্ক রিপাবলিকান এখনো তাঁদের হৃদয়ে রোনাল্ড রিগ্যানের চেতনা ধারণ করেন। তাঁরা আমেরিকাকে 'পাহাড়ের ওপর অবস্থিত একটি উজ্জ্বল শহর' হিসেবে দেখেন। অর্থাৎ তাঁরা বিশ্বের মানুষের কাছে স্বাধীনতা ও গণতন্ত্রের আলোকবর্তিকা হিসেবে আমেরিকাকে দেখাতে চান।

শীতল যুদ্ধের কথা মনে আছে–এমন বয়সী ভোটারদের কাছে রাশিয়া আমেরিকার প্রধান শত্রু। রিপাবলিকানরা গণতান্ত্রিক দেশ ইউক্রেনে রাশিয়ার হামলাকে অগ্রহণযোগ্য মনে করে। সাম্প্রতিক একটি জরিপে দেখা গেছে, আমেরিকার ৪৩ শতাংশ ভোটার মনে করছেন, রাশিয়ার বিরুদ্ধে লড়াই করতে ইউক্রেনকে আমেরিকা পর্যাপ্ত সহায়তা করছে না। তাঁরা ট্রাম্পের ন্যাটো ত্যাগের হুমকিকে অনুমোদন করেন না। রাশিয়া, হাঙ্গেরি, সৌদি আরবের মতো কর্তৃত্ববাদী রাষ্ট্রের সঙ্গে ট্রাম্পের সখ্য তাঁদের কাছে অনাকাঙ্ক্ষিত।

এই সপ্তাহ পর্যন্ত রিপাবলিকানদের কাছে ট্রাম্পের বিকল্প প্রার্থী ছিল। তিনি হলেন জাতিসংঘের সাবেক মার্কিন রাষ্ট্রদূত নিকি হ্যালি। ট্রাম্পের বিকল্প নেতা হিসেবে ভালোভাবেই উঠে আসছিলেন। নিউ হ্যাম্পশায়ার, নেভাডা ও সাউথ ক্যারোলাইনায় রিপাবলিকান দলের প্রাইমারিতে তিনি প্রায় ৩০% ভোট পেয়েছেন। তবে ১৪টি রাজ্যের সুপার টুয়েসডে প্রাইমারিতে তিনি হেরে গেছেন। এর মধ্য দিয়ে ট্রাম্পের প্রার্থিতা প্রায় নিশ্চিত হয়ে গেছে। তবে নিকি হ্যালি ট্রাম্পকে প্রার্থী হিসেবে অনুমোদন দিয়ে যাননি। তিনি ভোটারদের বলেছেন, তাঁরা চাইলে ট্রাম্পকে ভোট দিতেও পারেন, না-ও পারেন। ট্রাম্পের পুনর্নির্বাচনের ক্ষেত্রে সন্দেহ করার এটাও একটি বড় যৌক্তিক কারণ। নিকি হ্যালির সমর্থকদের একটি অংশ হয় ভোটদানে বিরত থাকবে, নয়তো জো বাইডেনকে ভোট দেবে।

এসব কারণে ট্রাম্পের পুনর্নির্বাচিত হওয়ার আশা খুবই কম।

প্রজেক্ট সিন্ডিকেট থেকে নেওয়া অনুবাদ: সারফুদ্দিন আহমেদ

বি:দ্র: রিড গ্যালেন দ্য লিংকন প্রজেক্টের (ডোনাল্ড ট্রাম্পকে পরাজিত করার লক্ষ্যে সাবেক রিপাবলিকান কৌশলবিদদের প্রতিষ্ঠিত একটি গণতন্ত্রপন্থী সংস্থা) সহপ্রতিষ্ঠাতা এবং লিংকন প্রজেক্ট পডকাস্টের সঞ্চালক।

নামাজের সময়-সূচী

মার্চ	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭
ফজর	৫.৫৯	৫.৫৭	৫.৫৫	৫.৫৪	৫.৫২	৫.৫০	৫.৪৯
সূর্যোদয়	৭.১৪	৭.১২	৭.১০	৭.০৯	৭.০৭	৭.০৫	৭.০৪
জোহর	১.০৬	১.০৬	১.০৫	১.০৫	১.০৫	১.০৪	১.০৪
আসর	৫.১৩	৫.১৩	৫.১৪	৫.১৫	৫.১৬	৫.১৭	৫.১৮
মাগরিব	৬.৫৮	৬.৫৯	৭.০০	৭.০১	৭.০২	৭.০৩	৭.০৪
এশা	৮.১৩	৮.১৪	৮.১৫	৮.১৬	৮.১৭	৮.১৯	৮.২০

বিশেষ ঘোষণা

নিউইয়র্ক থেকে প্রকাশিত বাংলা পত্রিকা সপ্তাহের প্রথম অর্থাৎ সোমবারের পত্রিকা। বিগত ২৭ বছর বাংলা পত্রিকা নিয়মিত প্রকাশের পর ২৮ বছরে পা রেখেছে। বাংলা পত্রিকা কর্তৃপক্ষ তার পাঠকদের প্রতি সপ্তাহেই নতুন নতুন খবর, প্রবন্ধ, নিবন্ধ, ফিচার প্রভৃতি উপহার দিতে প্রতিশ্রুতিবদ্ধ। তাই প্রকাশের ক্ষেত্রে যেকোন নতুন এবং মৌলিক লেখা সর্বাধিক গুরুত্বের দাবী রাখে। আমরা আমাদের লেখকদের-কে মৌলিক লেখা ইমেইলে (banglapatrikausa@gmail.com) পাঠানোর জন্য বিনীতভাবে অনুরোধ রাখছি। যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের বিভিন্ন জাতীয় দিবসের লেখা ১৫দিন আগে ইমেইলে পাঠানোর জন্যও অনুরোধ রইলো।

বাংলা পত্রিকা প্রিন্ট ভার্সনের পাশাপাশি এখন ওয়েব সাইডেও পাওয়া যায়। আর পূর্ণ বাংলা পত্রিকা'র পিডিএফ ভার্সন পেতে আগ্রহীদেরকে তাদের ইমেইল নম্বর পাঠাতে বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

- সম্পাদক।

কেবলই শাক দিয়ে মাছ ঢাকার প্রয়াস

॥ সালাহউদ্দিন বাবর ॥

এটিই সঠিক, যেখানে এক্সপেকটেশনটা যত বেশি, সেখানে মানুষের এক্সপেকটেশনটাও স্বাভাবিক মাত্রার চেয়ে উপরেই থাকে। সদ্য গঠিত মন্ত্রিসভার অন্যতম সদস্য ডা: সামন্ত লাল সেন দেশের খ্যাতিমান একজন চিকিৎসক। তার কৃতিত্ব অনেক বলেই বিভিন্ন মহলে গ্রহণযোগ্যতা তার বেশি হতে পারে। সে জন্য তার কাছ থেকে মানুষ বাড়তি কিছু চাইতে পারে। ডা: সেনের হাতে এবার সোপর্দ করা দেশের মানুষের স্বাস্থ্য সুরক্ষার এক বিরাট দায়িত্ব। দেশবাসী জানেন, এখানকার মানুষ শুধু ভগ্ন স্বাস্থ্য নিয়ে দিন গুজরান করছে না, দেশের চিকিৎসাব্যবস্থা এতটা ভঙ্গুর অবস্থায় রয়েছে; যা বলার নয়। যেমন নুন আনতে পান্তা ফুরায় এমন অবস্থা। ওষুধের মূল্য, পথ্যের দাম আকাশ ছুঁয়েছে, যা অনেকের সাধ্যের বাইরে। গুণীজনরা বলেন, পথ্যই ওষুধ, ওষুধ পথ্য। এ দুটোরই মারাত্মক টানাপড়েন আছে। তা নিয়ে বহু মর্মবিদারক কাহিনীর কথা শোনা যায়। এই পটভূমিকে বিবেচনায় নিয়েই স্বাস্থ্য মন্ত্রণালয়কে অর্ধ শতাব্দীরও বেশি সময় ধরে চলতে হচ্ছে। এর সর্বাঙ্গে এমন ঘা মলম দেয়া হবে কোথায়! ডা: সেন এখন দেশের এমন স্বাস্থ্য ব্যবস্থার দায়িত্ব নিয়েছেন।

ভঙ্গুর বা ভেঙে পড়া চিকিৎসাব্যবস্থাকে সহসা মেরামতের ব্যাপারে পদক্ষেপ নেয়া খুব সহজ নয়। সবাই জানেন, কত ক্ষতবিক্ষত হয়ে আছে স্বাস্থ্য মন্ত্রণালয়। ডা: সেনের পূর্বসূরি তিনিও একজন চিকিৎসক ছিলেন। সেই পূর্বসূরির দায়িত্ব পালন নিয়ে অনেক কুকথা আছে। তিনি নাকি বহু কুপ্রথা অনুসরণ করে বেসুমার কুকান্ডের সূচনা করেছিলেন বলে দুর্মুখদের এন্তার অভিযোগ। দুর্মুখদের অভিযোগগুলোর মধ্যে যদি সারবত্তা থেকে থাকে, তাহলে তার সব দুর্বলতার দায়িত্ব কেন তিনি একা বহন করবেন। তিনি তো আর জবরদস্তি করে দায়িত্ব কাঁধে নেননি। তাকে 'চয়েস' করা হয়েছে। সেখানে কোনো ব্যত্যয় থাকলে ভিন্ন কথা। যেহেতু বিষয়টি খুবই স্পর্শকাতর। তাই এ নিয়ে আর কথা বলা সময়োচিত হবে না। স্বাস্থ্যই সব সুখের মূল। এখন কথা ঘুরিয়ে বলতে হবে- স্বাস্থ্যই এই জনপদের মানুষের অন্যতম কষ্টের কারণ। এ থেকে পরিত্রাণের পথ কুয়াশাচ্ছন্ন বলে মনে করা হয়। যাই হোক, এই ডা: সেন মাত্র দায়িত্ব নিয়েছেন- তার সব কিছু জানতে হবে, বুঝতে ও গোছাতে সময় লাগবে। তার পরই তার মূল্যায়ন হতে পারে। তাই শেষ কথা বলার সময় সম্মুখে থাকবে। তবে তিনি ছুটছেন।

তবে ডা: সেনের মন্ত্রণালয়টি খুব জটিল। বিশেষ করে অন্যান্য সহযোগী মন্ত্রণালয়ের অনেক ব্যত্যয়ের দায়ভার তার মন্ত্রণালয়ের ওপর এসে পড়ে। যার জন্য প্রস্তুত থাকার সময় থাকে না। সেই ব্যত্যয় নিয়ে পরে কথা বলা যেতে পারে। তবে স্বাস্থ্য মন্ত্রণালয় ও দেশের চিকিৎসাব্যবস্থা যে ভঙ্গুর অবস্থা এসে দাঁড়িয়েছে তা নিয়ে কোনো তর্ক নেই। সে ব্যাপারেই এখানে দু-একটি কথা বলা যেতে পারে। বহুকাল থেকে দেশে শিশুদের খতনার ব্যবস্থাটি করে আসছে অশিক্ষিত কিছু ব্যক্তি। তাদের এ নিয়ে কিছু অভিজ্ঞতা থাকলেও কোনো প্রশিক্ষণ কখনোই ছিল না। তাদের কাজ নিয়ে খুব একটা অভিযোগ কখনোই শোনা যায়নি। কিন্তু হালে দুই শিশুর মৃত্যুর ঘটনা ঘটেছে দু'জন ডিগ্রিধারী চিকিৎসকের হাতে খতনার সময়। এ নিয়ে অনেক প্রশ্ন হতে পারে। যে প্রশ্নই হোক, সব কিছুর কেন্দ্রে থাকবে দেশের চিকিৎসকদের নিয়ে। দোষ হয়তো দু'জনের কিন্তু এখন সেটি সব চিকিৎসককে স্পর্শ করতে পারে, সেটি ব্যাপক আলোচনা হয়েছে। তবে সবাই জানেন, দেশে বহু দক্ষ, যোগ্য ও উচ্চমানের চিকিৎসক রয়েছেন।



তাদের অনেকেরই অসাধারণ কৃতিত্বের কথা অনেকেই জানেন। কিন্তু তাদের অনেকেই ভুলও বোঝেন। সেসব স্বনামখ্যাত চিকিৎসক নিজে কর্মদক্ষতা নিয়ে নিজের ডঙ্কা নিজেই বাজাতে পারেন না। অথচ তাদের সবাই হয়তো সে জন্য যথাযথভাবে সময় দিতে পারেন না রোগীর পেছনে। আর এ পরিসংখ্যানও অনেকেই জানেন, দেশের দুই হাজারের বেশি মানুষের জন্য মাত্র একজন চিকিৎসক রয়েছেন। রোগী চিকিৎসকদের এই অসম হার এমন পরিস্থিতি 'বিভার্স' করতে না পারলে দিন দিন সঙ্কট আরো বাড়বে। রোগীদের দেশের বাইরে যাওয়ার সংখ্যাও বাড়বে, দেশের অর্থ বাইরে যাওয়ার স্রোত আরো বেগবান হবে। তবে চিকিৎসক বৃদ্ধির জন্য কোনো 'শর্টকাট' পথ ধরলে তার পরিণতি হবে 'নিছক' খতনা করতে শিশুমৃত্যুর হারসহ অন্য রোগীদের অপচিকিৎসা হতে বাধ্য। ডা: সেন সরেজমিন দেখেছেন, বড় শহরের বাইরে উপজেলায় চিকিৎসকদের কর্মস্থলে খুঁজে পাওয়া যায় না। এটি সত্য, তবে অবশ্যই এটা মুদ্রার একটি

ভঙ্গুর বা ভেঙে পড়া চিকিৎসাব্যবস্থাকে সহসা মেরামতের ব্যাপারে পদক্ষেপ নেয়া খুব সহজ নয়। সবাই জানেন, কত ক্ষতবিক্ষত হয়ে আছে স্বাস্থ্য মন্ত্রণালয়। ডা: সেনের পূর্বসূরি তিনিও একজন চিকিৎসক ছিলেন। সেই পূর্বসূরির দায়িত্ব পালন নিয়ে অনেক কুকথা আছে। তিনি নাকি বহু কুপ্রথা অনুসরণ করে বেসুমার কুকান্ডের সূচনা করেছিলেন বলে দুর্মুখদের এন্তার অভিযোগ। দুর্মুখদের অভিযোগগুলোর মধ্যে যদি সারবত্তা থেকে থাকে, তাহলে তার সব দুর্বলতার দায়িত্ব কেন তিনি একা বহন করবেন। তিনি তো আর জবরদস্তি করে দায়িত্ব কাঁধে নেননি। তাকে 'চয়েস' করা হয়েছে। সেখানে কোনো ব্যত্যয় থাকলে ভিন্ন কথা। যেহেতু বিষয়টি খুবই স্পর্শকাতর।

প্রচার হওয়া দেশের স্বাস্থ্য ব্যবস্থার জন্য প্রয়োজন অনস্বীকার্য। দেশ থেকে বহু লোক বাইরে যাচ্ছেন চিকিৎসার জন্য। এ বাবদ স্রোতের মতো টাকা দেশের বাইরে চলে যায়, যাচ্ছে। আমাদের ভালো মানের চিকিৎসকদের এখন 'ওভার জব' করতে হচ্ছে। তারা পিঠ মাত্র। অপর পিঠে রয়েছে দেশ একজন গ্র্যাজুয়েট চিকিৎসকের উপজেলা পর্যায়ে কাজ করার এবং পরিবার পরিজন নিয়ে থাকার জন্য সেই পরিবেশ কি রচনা করা গেছে? এ প্রশ্ন খুব স্বাভাবিক প্রাসঙ্গিক এবং বিবেচনার দাবি রাখে, সন্দেহ নেই। অবশ্যই একটি উপায় বের করতেই হবে। কেননা, প্রতিটি নাগরিকের চিকিৎসা পাওয়ার অধিকার রয়েছে। তাই গ্র্যাজুয়েট চিকিৎসকদের নিয়ে বাস্তবভিত্তিক ভাবনা মাথায় নিতে হবে জরুরিভাবে। সবার চিকিৎসা পাওয়ার অধিকারকে অবশ্যই বিবেচনায় রাখতে হবে। এখানে একটি কথা মনে রাখতে হবে, গ্রামের যে সন্তান সাধারণ গ্র্যাজুয়েট হয়ে শহরে ছোটে, সেখানে শহরের চিকিৎসাশাস্ত্রের গ্র্যাজুয়েট কি খুব সহজেই শহর থেকে দূরে যেতে চাইবেন।

সবাই জানেন অনেক উটকো ঝামেলায় প্রতিনিয়ত পড়তে হয় স্বাস্থ্য মন্ত্রণালয়কে। যেমন সবাই জেনেছে দেশের মানুষের গড় আয়ু কমেছে সাত বছর। কিন্তু কেন? এ জন্য কি স্বাস্থ্য মন্ত্রণালয় দায়ী? দেশের ভয়াবহ বায়ুদূষণ, পরিবেশ দূষণ, শব্দদূষণ, নদীর পানি দূষিত হয়েছে, হচ্ছে। অগভীর নলকূপের পানিতে আর্সেনিক আসে। এসব কারণে প্রতিদিন শত শত মানুষ মারাত্মক সব রোগ নিয়ে চিকিৎসার জন্য চিকিৎসকের কাছে ও হাসপাতালে যাচ্ছে। সেখানে এমন রোগীর সুচিকিৎসা দেয়া খুব কঠিন হয়ে উঠেছে লোকবলের অভাবে। এসব স্বাস্থ্য সমস্যার দায় কি একা স্বাস্থ্য মন্ত্রণালয়ের। কেউ আর অন্য সংশ্লিষ্টদের চিহ্নিত করছে না কেন। সেই সংশ্লিষ্ট সব মন্ত্রণালয় দিব্যি দিবানিদ্রায় নিমগ্ন। কারো চলন বলনে কোনো উদ্বেগ উৎকণ্ঠা নেই। আর একটি বিষয়, সুচিকিৎসার জন্য সরকার কতটুকু অর্থ দিচ্ছে স্বাস্থ্য দফতরকে। তার হিসাব কষলে দিশাহারা হতে হবে। সবাই জানেন দেশের টাকা পাচার হচ্ছে, ব্যাংক লোপাট হচ্ছে, হাজার হাজার কোটি টাকা মাত্র গুটিকতক ঋণখেলাপিদের পেটে। এ নিয়ে কোনো কথা হয় না। কিন্তু মুমূর্ষু রোগীর চিকিৎসার কোনো অর্থ নেই সেটা কারো মাথা ব্যথা আছে কি? এত গভীর বেদনার বিষয় কিন্তু তার সুরাহা করবে কে? সবাই এই সমস্যা এর ঘাড়ে ওর ঘাড়ে ফেলেই নিস্তার পেতে চান। অথচ কেউই ভাবেন না জনগণ কিভাবে নিস্তার পাবে। তাদের যন্ত্রণা লাঘব করবে কে! প্রতিটি দেশ তার জনগণের অন্তত পাঁচটি মৌলিক চাহিদা পূরণে গলদঘর্ম। আর এখন সবাই গলদঘর্ম, কিভাবে তার একান্ত চাহিদা পূরণ হবে। এটিই এ দেশে দুর্ভাগ্য।

বেইলি রোডের আগুনে পুড়ে বহু লোক মরেছেন এবং আগেও এমন দুর্ঘটনায় বহুজন মারা গেছেন। স্বাস্থ্য ঝুঁকিতে পড়েছেন। এ জন্য দায়ী কে? এই ঝুঁকির জন্য কি পূর্ত মন্ত্রণালয়সহ বহু সংস্থাই দায়ী নয় কি! অথচ যারা এসব কারণে স্বাস্থ্যঝুঁকি নিয়ে হাসপাতালে যান, সেখানে সামান্য ব্যত্যয় ঘটলেই তা নিয়ে তুলকালাম কাণ্ড হয়। আসলে এসব কাণ্ড হচ্ছে শাক দিয়ে মাছ ঢাকার প্রয়াস। আসলে দেশের গোটা ব্যবস্থা এখন শাক দিয়ে মাছ ঢাকা পর্যায়ে। আবার সেই কথায় ফিরতে চাই- দেহজুড়ে ঘা, মলম দেবেন কোথায়। তার পরও তো মলমটা দিতেই হবে। মলমটা সবার হাতের কাছে থাকতে হবে। কিন্তু তার জোগান দেবে কে! হেলাফেলা করে অনেক বেলা গেছে। সেই সাথে মানুষের কষ্টের সীমাও এখন দিগন্ত ছুঁতে চলেছে।

রমজানের গুরুত্ব বৈশিষ্ট্য ও ফজিলত

॥ মো. আমিনুল ইসলাম ॥

রমজান মাস সম্পর্কে পবিত্র কোরআনে আল্লাহ বলেন, হে মুমিনগণ, তোমরা যারা ইমান এনেছ তোমাদের ওপর রোজা ফরজ করা হয়েছে, যেমনি করে ফরজ করা হয়েছিল তোমাদের পূর্ববর্তী লোকদের ওপর, আশা করা যায় তোমরা এর মাধ্যমে তাকওয়া অর্জন করতে পারবে। (সুরা বাকারা, আয়াত ১৮৩)। রমজান মাস মুসলিম উম্মাহর জন্য নেয়ামতের মাস। এই মাসে আল্লাহ রব্বুল আলামিন মহাগ্রন্থ কোরআন নাজিল করেন। রসুল (সা.) এ মাসকে শাহরুন আজিম ও শাহরুন মোবারক বলেছেন। এ মাসেই লুক্কায়িত রয়েছে পবিত্র মহামূল্যবান রজনী লাইলাতুল কদর। আল্লাহ বলেন, অবশ্যই আমি এ গ্রন্থটি একটি মর্যাদাপূর্ণ রাতে নাজিল করেছি, তুমি কি জান সেই মর্যাদাপূর্ণ রাতটি কী? মর্যাদাপূর্ণ সেই রাতটি হলো হাজার মাসের চেয়ে উত্তম। (সুরা আল কদর, আয়াত ১-৩)।

রমজান মাস হলো কোরআন, সিয়াম ও তাকওয়া অর্জনের মাস। একজন মুমিন এ মাসে সবচেয়ে বেশি ইবাদত, উত্তম আমল ও সার্বিক কল্যাণ লাভের সুযোগ পায়। এ সময়ের প্রতিটি নেক আমল এত কল্যাণকর যে, তার আমলনামায় সওয়াব অনেকগুণ বৃদ্ধি করে। সুবহানাল্লাহ। এই মাস রহমত, বরকত ও জাহান্নামের আজাব থেকে মুক্তির মাস। রমজান মাসে জান্নাতের দরজাগুলো খুলে দেওয়া হয়, জাহান্নামের দরজাগুলো বন্ধ করে দেওয়া হয় এবং শয়তানকে শৃঙ্খলে বন্দি করা হয়। যাতে আল্লাহর মুমিন বান্দাগণ বেশি বেশি নেক আমল করতে পারেন। রসুল (সা.) বলেন, জান্নাতে রাইয়ান নামে একটি দরজা আছে, কেয়ামত দিবসে এ দরজা দিয়ে শুধু রোজা পালনকারী বান্দারাই প্রবেশ করতে পারবে। তাদের ছাড়া অন্য কেউ এই দরজা দিয়ে প্রবেশ করতে পারবে না। বলা হবে, সাওম পালনকারীরা কোথায়? তখন তারা দাঁড়াবে এবং এই দরজা দিয়ে তারা ছাড়া অন্য কেউ প্রবেশ করতে পারবে না। (বুখারি শরিফ, ১৮৯৬)।

আল্লাহ বলেন, রোজার মাস, এমন একটি মাস, যাতে কোরআন নাজিল করা হয়েছে, আর এ কোরআন হচ্ছে মানবজাতির জন্য পথের দিশা, সৎ পথের সুস্পষ্ট নিদর্শন ও হক ও বাতিলের পার্থক্যকারী। অতএব তোমাদের মধ্যে যে এ মাসটি পাবে সে যেন রোজা রাখে। (সুরা বাকারা, আয়াত ১৮৫)

হাদিসে এসেছে, রসুল (সা.) বলেছেন, মহান আল্লাহ রব্বুল আলামিন নিজেই সিয়াম পালনকারীর পুরস্কার হয়ে যাবেন। মানুষের প্রতিটি নেক আমল তার নিজের জন্য হয়ে থাকে, কিন্তু সাওম শুধু আমার জন্য, তাই আমি নিজেই এর প্রতিদান দেব। (বুখারি শরিফ ১৯০৪)

এ মাসে আল্লাহর কাছে বেশি বেশি ইসতিগফার বা ক্ষমা প্রার্থনা করা, বেশি বেশি কোরআন তেলাওয়াত করা মুমিন বান্দার কর্তব্য। মোনাজাতে আল্লাহর কাছে ক্ষমা চেয়ে কান্নাকাটি করা সবার উচিত। কারণ তিনিই দয়াময়। রমজানের শেষ দশকে ইতিকাফে বসা অধিক সওয়াবের কাজ।

তাই মাহে রমজানে আমাদের সবার উচিত মানুষের কল্যাণে কাজ করা আর বেশি বেশি নেক আমল করা। কিন্তু দুর্ভাগ্য হলো আমাদের দেশে একশ্রেণির লোক অধিক মুনাফা লাভের আশায় নিত্যপণ্যের দাম বাড়িয়ে বাজারে কৃত্রিম সংকট সৃষ্টি করে। মানুষের ভোগান্তি বাড়ায়। যা কোনো অবস্থায় কাম্য নয়। যারা এই কাজগুলো করেন তারা যে কত বড় গুনাহের কাজ করছেন তা তারা কখনো ভেবে দেখেন না। অথচ রমজান হলো সিয়াম পালনের সঙ্গে সঙ্গে মানুষের কল্যাণে কাজ করা। বেশি বেশি নফল ইবাদত করা, কিয়ামুল লাইল, তারাবি ও তাহাজ্জুদের সালাত আদায় করা। হাদিসে বর্ণিত হয়েছে, যে ব্যক্তি ইমান ও আত্মবিচারের সঙ্গে সওয়াব লাভের আশায় রমজানে রাতে কিয়ামুল লাইল তথা তারাবি ও তাহাজ্জুদ সালাত আদায় করবে, তার সারা জীবনের সগিরা গুনাহসমূহ মাফ করে দেওয়া হবে। (বুখারি শরিফ, ৩৭)।

এ মাসে আল্লাহর কাছে বেশি বেশি ইসতিগফার বা ক্ষমা প্রার্থনা করা, বেশি বেশি কোরআন তেলাওয়াত করা মুমিন বান্দার কর্তব্য। মোনাজাতে আল্লাহর কাছে ক্ষমা চেয়ে কান্নাকাটি করা সবার উচিত। কারণ তিনিই দয়াময়। রমজানের শেষ দশকে ইতিকাফে বসা অধিক সওয়াবের কাজ।

রমজানে আমাদের বেশি বেশি দান সদকা করা উচিত। গরিব আত্মীয়স্বজন, এতিম, অসহায়, বিধবাদের প্রতি সহমর্মী হওয়া ও তাদের এ মাসে বেশি করে দান সদকা করা সবচেয়ে উত্তম। এ মাসে আমাদের সতর্ক থাকতে হবে মিথ্যা কথা না বলা, সুদ-ঘুষ বর্জন করা, গিবত না করা, ধোঁকাবাজি না করা, অশ্লীল কাজ না করা, গালিগালাজ না করার মতো সব নিন্দনীয় ও গুনাহের কাজ থেকে বিরত থাকা। রমজানের উত্তম সুন্নত হলো সাহরি ও ইফতার। রসুল (সা.) বলেন, ইহুদি খ্রিস্টানদের সিয়ামের সঙ্গে আমাদের পার্থক্য হলো সাহরি খাওয়া। (মুসলিম শরিফ ১০৯৬)। আর সূর্য অস্তমিত হওয়ার সঙ্গে সঙ্গে ইফতার করা সুন্নত। রসুল (সা.) সূর্য অস্তমিত হওয়ার সঙ্গে সঙ্গে ইফতার করতেন। (বুখারি শরিফ, ১৯৫৭)। খেজুর বা পানি দিয়ে ইফতার করা সুন্নত। রমজান এলে আমরা ইফতার পার্টির আয়োজন করি। খাওয়ার অপচয় করি। যা নিন্দনীয়। ইসলামে সর্বাবস্থায় অপচয় নিষিদ্ধ। ইফতারের সময় দোয়া কবুল হয়। তাই এ সময় আমাদের সবার বেশি বেশি দোয়া করা উচিত। আল্লাহ রব্বুল আলামিন আমাদের সবাইকে মাহে রমজানের রোজা রেখে বেশি বেশি নেক আমল করার তৌফিক দান করুন।

লেখক : অবসরপ্রাপ্ত ব্যাংকার

Akash Medical Care

আকাশ মেডিক্যাল কেয়ার



Akash Ferdaus MD

Akash Medical Care

Internal & Geriatric Medicine

হার্টের ডাক্তার

Sudesh Srivastava MD

Cardiologist

পায়ের ডাক্তার

Dr. Nayeem Haque

Podiatic Surgeon

- Complete Physical & Follow up
- DMV/TLC, School Physical
- Flu Shots, Hajj & Umrah Vaccine
- Blood, Urine Test, EKG
- Immigration Physical
- Podiatric Surgery
- COVID Test & COVID Vaccine
- All Types of Vaccine

FOR APPOINTMENT

718-431-0009

Hours:
Mon-Sat 10 AM to 8 PM

79 Church Avenue, Brooklyn, NY 11218

পশ্চিমা নেতৃত্বের কী নিদারুণ অবক্ষয়

গাজায় যুদ্ধ বন্ধে ফ্রান্সে বিক্ষোভ

॥ বিজয় প্রসাদ ॥

ফ্রান্সের রাজধানী প্যারিসের এক দল যুবক বছরের অস্বাভাবিক উষ্ণ সন্ধ্যায় একটি ক্যাফেতে আড্ডা দিচ্ছিল। তাদের আলোচনার বিষয় ছিল যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচন। কিছুটা জাতিগত অহম থেকে তারা সম্ভাব্য প্রধান দুই প্রার্থী প্রেসিডেন্ট জো বাইডেন এবং সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে নিয়ে উপহাস করে। বাইডেনের বয়স ৮১ বছর, ট্রাম্পের ৭৭। যুক্তরাষ্ট্রের একজন আইনজীবী জো বাইডেনকে 'কম স্মৃতিশক্তিসম্পন্ন বয়স্ক ব্যক্তি' বলে অভিহিত করেছেন। এ শব্দগুলো একজন প্রেসিডেন্টের প্রতি মোটেই আস্থাজাগানিয়া নয়। তবে বাইডেন এ মন্তব্যকে চ্যালেঞ্জ করে আরও সংকটে পড়েছেন। তিনি মিসরের প্রেসিডেন্ট আবদেল ফাত্তাহ আল-সিসিকে 'মেক্সিকোর প্রেসিডেন্ট' বলেছেন। এদিকে ট্রাম্পের প্রার্থিতা বিষয়ে নতুন কোনো প্রমাণের প্রয়োজন নেই। এ অবস্থায় প্যারিসের নামকরা কলেজের এক শিক্ষার্থী ক্লাউডিনের প্রশ্ন–'যুক্তরাষ্ট্র কি সর্বোচ্চ এটাই দিতে পারে?'

এ তরুণ প্রজন্ম যথেষ্ট সচেতন। আটলান্টিকের ওপারের মার্কিন প্রেসিডেন্টের হাস্যকর নির্বাচন সম্পর্কে তারা জানে। তবে ইউরোপের পরিস্থিতিও কম হাস্যকর ও বিপজ্জনক নয়। আমি যখন তাদের ইউরোপের প্রধান নেতা জার্মানির ওলাফ শলৎস এবং ফ্রান্সের ইমানুয়েল মাখোঁ সম্পর্কে জিজ্ঞেস করি, তারা উদাসীন ভাব করে কাঁধ ঝাঁকায় এবং 'বোকা' ও 'ব্যক্তিত্বহীন' শব্দ উচ্চারণ করে আলোচনায় প্রবেশ করে। প্যারিসের লেস হ্যালেসের এসব তরুণ কিছুক্ষণ আগেই গাজার রাফাহ অঞ্চলে ইসরায়েলি বোমা হামলা বন্ধে আয়োজিত এক বিক্ষোভে অংশ নিয়েছে। এ বছর ফ্রান্সে কাটানো ইংল্যান্ডের এক তরুণ বলেছিল, 'রাফাহ জায়গাটির আয়তন লন্ডনের হিথ্রো বিমানবন্দরের সমান'। তারা মনে করছে, ইউরোপের নেতাদের কেউই গাজায় সংঘটিত মৃত্যু ও ধ্বংসযজ্ঞের বিরুদ্ধে স্পষ্টভাবে কিছু বলেননি। বস্তুত এসব তরুণ মনে করছে, এই অনুভূতি কেবল তাদের একার নয়; তাদের অনেক সহপাঠীর একই অনুভূতি।

প্রতি সপ্তাহে ইউরোপে শলৎস ও মাখোঁর জনপ্রিয়তা কমছে। জার্মান বা ফরাসিদের কেউই বিশ্বাস করে না যে, এসব লোক গাজা বা ইউক্রেনের অর্থনৈতিক অবস্থা ফিরিয়ে দিতে বা যুদ্ধ বন্ধ করতে পারে। গ্লোবাল নর্থ তথা পশ্চিমা বিশ্ব যে জাতিসংঘের ফিলিস্তিন সংস্থা ইউনাইটেড নেশনস রিলিফ অ্যান্ড ওয়ার্কস এজেন্সির (ইউএনআরডব্লিউএ) তহবিল কমানোর সিদ্ধান্ত নিয়েছে, সে জন্য ক্লাউডিন হতাশ। উমর নামে আরেক যুবক যোগ করে, ব্রাজিলের প্রেসিডেন্ট লুলা বলেছেন, তাঁর দেশ ইউএনআরডব্লিউএতে তহবিল দেবে। সবাই তাঁকে সমর্থন দেয়।

এর এক সপ্তাহ পর আমরা খবর পাই, যুক্তরাষ্ট্রের বিমানবাহিনীর একজন সৈনিক অ্যারন বুশনেল আত্মাহুতি দিয়েছেন এই বলে–তিনি আর ফিলিস্তিনিদের বিরুদ্ধে গণহত্যায় অংশগ্রহণ করতে চান না। হোয়াইট হাউসের প্রেস সেক্রেটারি কারিন জ্যা-পিয়েরেকে বুশনেলের আত্মহত্যা সম্পর্কে জিজ্ঞাসা করা হয়। তিনি বলেছেন, প্রেসিডেন্ট বিষয়টি নিয়ে 'সচেতন' এবং এটি 'ভয়াবহ ট্র্যাজেডি'। কিন্তু যুবকটি কেন আত্মাহুতি দিয়েছেন, সে সম্পর্কে তারা কোনো বিবৃতি দেয়নি এবং উত্তেজিত মানুষকে শান্ত করার মতো কিছুই করেনি। যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে আইসক্রিম খেতে খেতে প্রেসিডেন্ট বাইডেন বলেছিলেন, তিনি আশা করেছিলেন, 'সপ্তাহ শেষের ছুটিতেই' যুদ্ধবিরতি হবে। কিন্তু সেটি 'পরবর্তী সোমবার' পর্যন্ত যায়। বিবৃতি না দেওয়া, যুদ্ধবিরতির মিথ্যা ছলনা এবং উল্টো ইসরায়েলকে অস্ত্র দেওয়ায় জো বাইডেন বা ইউরোপে তাঁর সমকক্ষদের প্রতি জনআস্থা কমছে।

কাতারের আমিরের সঙ্গে ফ্রান্সের প্রেসিডেন্ট মাখোঁ 'স্থায়ী যুদ্ধবিরতি'র আহ্বান জানিয়েছিলেন। আসলে 'স্থায়ী যুদ্ধবিরতি' এবং 'টেকসই যুদ্ধবিরতি'–এই বিশেষণগুলো যুদ্ধবিরতির অঙ্গীকার দুর্বল করছে; যদিও তারা ভান করছেন, তারা যুদ্ধ বন্ধের পক্ষে। অথচ ইসরায়েলের বোমা হামলার পেছনের শক্তিদাতা তারাই।

স্কটিশ ন্যাশনাল পার্টির (এসএনপি) প্রস্তাবের মুখে লন্ডনে অবস্থিত ইংল্যান্ডের পার্লামেন্টে হাস্যকর এক কান্ড হয়েছিল। যুদ্ধবিরতির পক্ষে পার্লামেন্টে ভোটের অনুমতি দেওয়ার পরিবর্তে লেবার ও কনজারভেটিভ পার্টি উভয় দল আতঙ্কিত হয় এবং স্পিকার নিয়ম ভঙ্গ করে বলেছিলেন, নির্বাচিত কর্মকর্তাদের যুদ্ধবিরতির বিরুদ্ধে রেকর্ডে যেতে হবে না।

অথচ বিশ্ববাসী চায়, ইসরায়েলি বোমা হামলা অবিলম্বে বন্ধ হোক; সব সময়ের চাইতে তারা এখন এ হামলা বেশি জোরদার করেছে। এদিকে যুক্তরাষ্ট্র নিরাপত্তা পরিষদে ইসরায়েলিদের বোমা হামলা বন্ধে বাধ্য করার জন্য জাতিসংঘে আনীত একটি প্রস্তাবে ভেটো দেয়। তৃতীয়বারের মতো তারা এ বিষয়ে ভেটো ক্ষমতা প্রয়োগ করে। যুক্তরাষ্ট্র এবং তার ইউরোপীয় মিত্ররা এই যুদ্ধে মানুষের ব্যাপক হতাশা সত্ত্বেও ইসরায়েলকে সমর্থন করে চলেছে। তারই এক উদাহরণ অ্যারন বুশনেলের মৃত্যু। এ আত্মাহুতি বস্তুত গ্লোবাল নর্থের নেতৃত্বের প্রতি হতাশারই বহিঃপ্রকাশ। তবে সবচেয়ে বিস্ময়কর হলো, পশ্চিমা দেশগুলোর জনসাধারণের বড় একটি অংশ অবিলম্বে যুদ্ধবিরতি চায়। এর পরও নেতারা তাদের প্রত্যাশা উপেক্ষা করে আসছেন। একটি জনমত জরিপে দেখা গেছে, যুক্তরাষ্ট্রের দুই-তৃতীয়াংশ ভোটার গাজায় যুদ্ধবিরতির পক্ষে। এর মধ্যে বেশির ভাগই ডেমোক্র্যাট সমর্থক (৭৭ শতাংশ); এর পর স্বতন্ত্র (৬৯ শতাংশ) এবং রিপাবলিকান (৫৬ শতাংশ)। মজার বিষয়, মার্কিন ভোটারদের ৫৯ শতাংশ বলেছে, ফিলিস্তিনিদের গাজায় তাদের বাড়িতে ফিরে যাওয়ার অধিকার দিতে হবে। আর ৫২ শতাংশ বলেছে, দ্বি-রাষ্ট্রীয় সমাধানের জন্য শান্তি আলোচনা হতে হবে। এতৎসত্ত্বেও আটলান্টিক মহাসাগরের উভয় পারের প্রধান রাজনৈতিক শ্রেণি তা উপেক্ষা করছে। তারা যে 'স্থায়ী' ও 'টেকসই' বিশেষণ উল্লেখ করছে, তা মানুষের মধ্যে কেবল হতাশা বাড়াচ্ছে। কারণ তারা দেখছে, তাদের রাজনৈতিক নেতৃত্ব অবিলম্বে যুদ্ধবিরতির বিষয়টি আদতে উপেক্ষা করছে। হোয়াইট হাউস, ১০ নম্বর ডাউনিং স্ট্রিট বা এলিসি প্রাসাদে এর ব্যাখা মিলবে না। তবে গাজা যুদ্ধের ক্ষত যে তাদের হৃদয়ে রক্ত ঝরাচ্ছে, তা এসব দেশের সাধারণ মানুষের কথায় স্পষ্ট। মৃতের সংখ্যা বাড়ার সঙ্গে সঙ্গে তাদের বিক্ষোভের তীব্রতাও বাড়বে বলে মনে হচ্ছে। এসব প্রতিবাদের প্রতিক্রিয়া কী? যুক্তরাজ্যের পার্লামেন্ট সদস্যরা অভিযোগ করেছেন, এসব বিক্ষোভ পুলিশকে 'ব্যাপক চাপ'-এর মধ্যে ফেলেছে। এটাই হয়তো বিক্ষোভের মূল বার্তা।

লেখক: ভারতীয় ইতিহাসবিদ ও সাংবাদিক; কাউন্টারপাঞ্চ থেকে ভাষান্তর মাহফুজুর রহমান মানিক

NUR BEPARY AUTO REPAIR & BODY SHOP, INC.

COMPLETE BODY REPAIR

একটি বাংলাদেশী প্রতিষ্ঠান

Nur Bhai
President
718-551-1405



OPEN 24 HOURS

35-44, 61st Street
Woodside, NY 11377
Tel: 718-898-0052



Sarwor Khan
LIC. Real Estate Saleperson
Cell: 347-665-7580

EXIT REALTY PRIME

This is the best time to Buy or Sell your home

বাড়ী কিনার এখনই উপযুক্ত সময়
সুলভে বাড়ী কিনতে
আমাদের সাথে যোগাযোগ করুন

- Residential
- Commercial
- Co-op Condo
- HUD
- Pre-Forclosure
- Rental & Short Sale

- রেসিডেনসিয়াল
- কমার্শিয়াল
- কো-অপ কনডো
- HUD-বাড়ি
- প্রি-ফরক্লোজার
- ভাড়া ও শর্ট সেল



189-10 Hillside Ave, Jamaica NY 11423
Tel: 718-262-0205 Cell: 347-665-7580
Email: sarworexitrealty@gmail.com, Web:Exitprimeny.com

নিউইয়র্ক ও লংআইল্যান্ডে স্টেটের অনুদানে
বাসায় অত্যাধুনিক হিটিং ও
এয়ারকন্ডিশন লাগাতে চান?

লংআইল্যান্ডের ব্যবসার মালিকগণ এ সুযোগ গ্রহণ করতে পারেন

সম্মানিত বাড়ির মালিকগণ আমরা নিউইয়র্ক স্টেটের বিশেষ অনুদানে (৭০% পর্যন্ত) আপনার বাড়িতে অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগিয়ে দিতে চাই

নতুন বছর উপলক্ষে ৫০% সেল



স্টেটের অর্থায়নে হিটিং ও এয়ারকান্ডিশন সিস্টেম সম্পর্কে জানতে আজই যোগাযোগ করুন



তোফায়েল চৌধুরী (লিটন)

এই অত্যাধুনিক সিস্টেমে আপনার হিটিং বিল প্রায় ৫০% কমাতে সাহায্য করবে



আমাদের কল করুন
914-222-9477 or 914-989-0089
Gree Mechanical Yonkers
1900 Central Park Ave, Yonkers NY 10710

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW

ACCIDENT / IMMIGRATION / DIVORCE

ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স

বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস

সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ

ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার

MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK

347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372

ম্যানহাটনে বাংলাদেশী এটর্নী



- ইমিগ্রেশন
- রিয়েল এস্টেট
- এক্সিডেন্ট
- ল্যান্ডলর্ড-টেনেন্ট
- ব্যাংক্রাপসি
- ডিভোর্স সহ বিভিন্ন

সমস্যার আইনগত সহায়তার জন্য যোগাযোগ করুন।

মোহাম্মদ এ. আজিজ Esq
এটর্নী এট ল'

For Appointment: (917)-434-3338
Tel: 212-695-0055, Fax: 212-695-0056, e-mail: azizbbn@yahoo.com
421 7th Avenue, Suite# 905, New York, NY 10001

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ

অফিসের অধীনে শেডনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেণী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।



অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'

আমেরিকায় যে কোন নতুন ব্যবসায় নূন্যতম বিনিয়োগের মাধ্যমে Treaty (E-2) ভিসার অধীনে এদেশে বসবাস করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।

মাত্রাত্ত ১ মিলিয়ন বা নূন্যতম ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।

বিদেশের এদেশে আপনার বিনিয়োগের অর্থ অনায়াসে আমাদের সাথে পরামর্শ করতে পারেন।

যদি কোন কোম্পানীর মালিক/পরিচালক হয়ে আপনি ও আপনার পরিবার ৭ বছরের সুবিধা নিতে পারেন এবং দু'বছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।

আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?

- আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এসাইলামসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পার্সোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিস্ট্রাকচারাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
- আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
- আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।

Law Offices of Ashok K. Karmaker, P.C.
Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282, Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klpllc@gmail.com, Web: www.k-lpllc.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

ফেব্রুয়ারী মাসে সিটিতে ২১ খুন, ১১৬

(প্রথম পাতার পর)

হত্যাকান্ডসহ বেশ কিছু লোমহর্ষক অপরাধ কান্ড ঘটেছে সিটির সাবওয়েগুলোতে ।

এনওয়াইপিডি'র সূত্র মতে গেলো বছরের ফেব্রুয়ারী মাসে উল্লেখ্যযোগ্য অপরাধের মধ্যে ২৭টি খুন, ১১৩টি ধর্ষণ, ১,১৬৬টি ছিনতাইয়ের ঘটনা ঘটলেও চলতি বছরের ফেব্রুয়ারী মাসে এসব অপরাধের মধ্যে ছিলো ২১টি খুন, ১১৬টি ধর্ষন ও ১,২২২টি ছিনতাইয়ের ঘটনা । সবমিলিয়ে গত বছর ফেব্রুয়ারী মাসে সংঘটিত অপরাধের সংখ্যা ছিলো ৯,০২০টি আর চলতি বছরের ফেব্রুয়ারী মাসে সংঘটিত অপরাধের সংখ্যা ছিলো ৮,৯১৯টি । অপরদিকে গত বছর ফেব্রুয়ারী মাসে সংঘটিত হেইট ক্রাইমের অপরাধের সংখ্যা ছিলো ২৭টি আর চলতি বছরের ফেব্রুয়ারী মাসে সংঘটিত হেইট ক্রাইমের সংখ্যা ছিলো ২৮টি ।

এদিকে নিউইয়র্ক সিটির সাবওয়ে ক্রাইম নিয়ন্ত্রণে এবার সীমান্তরক্ষী ন্যাশনাল গার্ড মোতায়েন করলেন গভর্ণর কেথি হকুল । সাবওয়ে টহলে নতুন এক হাজার ফোর্সের মধ্যে ৭০০ জন ন্যাশনাল গার্ড মোতায়েনের সিদ্ধান্ত কার্যকর করেছেন গভর্ণর । গত ৭ মার্চ বৃহস্পতিবার এনওয়াইপিডি ও ট্রানজিট পুলিশ সদস্যদের পাশাপাশি ন্যাশনাল গার্ডরা তাদের টহল শুরু করেছেন । সাবওয়ে ক্রাইমের হার আশংকাজনক হারে বেড়ে যাওয়ায় নিয়মিত পুলিশের পাশাপাশি সীমান্ত রক্ষার দায়িত্বে নিয়োজিত ন্যাশনাল গার্ড মোতায়েনের এ সিদ্ধান্ত নেন গভর্ণর ।

নিউইয়র্ক সিটির সাবওয়েগুলোতে অপরাধীদের দৌরাত্ম নিয়ন্ত্রণে চলতি সপ্তাহে নতুন এক হাজার ফোর্স মোতায়েনের সিদ্ধান্ত জানিয়েছিলেন গভর্ণর কেথি হকুল । এর মধ্যে ৭০০ জনই সীমান্তরক্ষী বাহিনী ন্যাশনাল গার্ড এর সদস্য । বৃহস্পতিবার সকাল থেকে সিটির বিভিন্ন সাবওয়েতে তাদেরকে যাত্রীদের লাগেজ, ব্যাগ এবং ব্যাকপ্যাক তল্লাসি করতে দেখা যায় ।

অপরদিকে নিউইয়র্ক সিটির ট্রানজিট ব্যবস্থা নিয়ে যেসব এডভোকেসি গ্রুপ কাজ করে তারা এরই মধ্যে স্টেট ও সিটি গভর্ণমেন্টকে সাবওয়ে ক্রাইমের ভয়াবহতা নিয়ে তাদের উদ্বেগ প্রকাশ করেছেন । বলেছেন, সাবওয়ে ক্রাইম অবিলম্বে নিয়ন্ত্রণ করা না গেলে সিটির গণপরিবহণ থেকে আস্থা হারাবে সাধারণ নাগরিকরা ।

সিটির যাত্রীরা বলছেন, পেশাদার অপরাধী ছাড়াও হোমলেসদের উৎপাতে যাত্রীদের বিড়ম্বনা লেগেই আছে । এসব নিয়ন্ত্রণে প্রশাসনকে নিষ্টুর কিছু পদক্ষেপ নিতে হবে বলে জানান তারা ।

উল্লেখ্য, নিউইয়র্ক সিটিতে প্রতিদিন তিন মিলিয়ন মানুষ সাবওয়ে ব্যবহার করে যাতায়াত করে । ফলে বিপুল সংখ্যক মানুষের চলাচল নিরাপদ করতে প্রয়োজনে আরো কঠোর হওয়ার ঘোষণা দিয়েছেন স্টেট ও সিটি কর্তৃপক্ষ ।

MITU DISABILITY CENTER



ROMJAN (Consultant)
646-730-8416



JABBAR SHARIFF
Attorney & Counselor at Law

IF YOU ARE SICK, YOU CAN GET
$500-$2500 PER MONTH

State Disability (TANF) Federal Disability (SSI, SSDI)

Citizenship Without Exam N-648 Waiver

Personal Injury ● Divorce ● Bankruptcy ● Immigration
Car, Home, Life Insurance (No Broker Fee) Real State
Buy Sale Lone Modification Physical Therapy by Doctor

আপনি যদি অসুস্থ হন তাহলে
মাসে ৫০০-২৫০০ ডলার পেতে পারেন

* ষ্টেট ডিসএ্যাবিলিটি * ফেডারেল ডিসএ্যাবিলিটি
* পরীক্ষা ছাড়া আমেরিকার সিটিজেন ।
এখানে ডাক্তার দ্বারা ফিজিক্যাল থেরাপী দেওয়া হয় ।
ইমেগ্রেশনের বিষয় সাহায্য করা হয় ।

40-19 73rd St. Woodside, NY 11372
Tel: 718-701-2666

DR. SADI ALAM, DPM
Foot Specialist

পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক

Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432

Hollis: 196-22 Hillside Ave, Hollis, NY 11423
Jackson Heights Office: 7017 37th Ave, Jackson Heights, NY 11372
Brooklyn Office: 486 McDonald Ave, Brooklyn, NY 11218
Alam Podiatry, P.C.
Ozone Park Office: 530 Conduit Blvd, Brooklyn, NY 11208
Bronx Office: 3099 Bainbridge Ave, Bronx, NY 10467
Parkchester Office: 1381 Castle Hill Ave, Bronx, NY 10462

FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com

WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়

আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয় ।

বিনামূল্যে ব্লাড সুগার মনিটর

২৫% ছাড় কুপন সহ যে কোন পণ্য ক্রয়ে
প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়

ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই

এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়

PARKCHESTER FAMILY FARMACIA & SURGICAL, INC.

PARKCHESTER FAMILY PHARMACY & SURGICAL, INC.





নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি ।





আমাদের কাছে ফ্রি ডেলিভারী আছে

❑ প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়, ❑ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ্ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ্ এন্ড বিউটি কেয়ার ❑ ফটোকপি ৫ সেন্ট, ❑ ফ্যাক্স সার্ভিস, ❑ ৯৯ সেন্ট-এ উপহার কার্ড, ❑ ফিল্ম প্রসেসিং

PARKCHESTER FAMILY PHARMACY
১৪৪৫ ইউনিয়ন পোর্ট রোড (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ (347) 851-2688

আমাদের অন্য কোন শাখা নেই

আমরা অন্য ফার্মেসী থেকে আপনার সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি ।



এটর্নী শাকিল এইচ কাজমী

ইমিগ্রেশন ও আপনি

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি" শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল,এল,এম, করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্য রইলো আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশা করি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবনই আমাদের কাম্য, আর তাই ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্যে প্রস্তুত। এ বিভাগ আপনাদেরই জন্য। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনারা এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো। প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহে আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

মার্চ ২০২৪ ভিসা বুলেটিন

ইউএস স্টেট ডিপার্টমেন্ট অব স্টেট (ডিওএস) ফেব্রুয়ারী ২০২৪'র ভিসা বুলেটিন প্রকাশ করেছে। নিম্নে মার্চ ২০২৪ এর পারিবারিক ভিত্তিতে ফেব্রুয়ারী মাসের ভিসা বুলেটিনের প্রাপ্যতা দেয়া হলো। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, ফাইনাল অ্যাকশন ডেট বলতে সেই ডেটকে বুঝায় যখন ইউএসসিআইএস জমা দেয়া আবেদন সম্পর্কে তাদের চূড়ান্ত সিদ্ধান্ত দেবে। প্রায়োরিটি ডেট হবে এই ডেটের পূর্বে। ফেব্রুয়ারী ২০২৪'র ভিসা বুলেটিনের সার্বিক পর্যালোচনা করে দেখা যায় ফ্যামিলি ভিত্তিক ভিসা বুলেটিনে অগ্রগতি খুব একটা দেখা যায় না।

ফ্যামিলি স্পন্সরড অগ্রাধিকার

প্রথম (এফ-১)ঃ আমেরিকান নাগরিকদের অবিবাহিত পুত্র-কন্যাঃ ৮ ফেব্রুয়ারী, ২০১৫।

দ্বিতীয়ঃ পারমানেন্ট রেসিডেন্টদের স্বামী/স্ত্রী, সন্তান এবং অবিবাহিত ছেলে ও মেয়েরাঃ

এ. (এফ২এ)ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের স্বামী/স্ত্রী এবং ২১ নিম্ন বয়সের ছেলে ও মেয়েরাঃ জুন ২২, ২০২০।

বি. (এফ ২বি)ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের অবিবাহিত ছেলে ও মেয়েরা (২১ বছর বা তদুর্ধবয়সী ছেলে ও মেয়েরাঃ নভেম্বর ২২, ২০১৫।

তৃতীয়ঃ (এফ-৩)ঃ আমেরিকান নাগরিকদের বিবাহিত পুত্র-কন্যাঃ ০১ অক্টোবর ২০০৯।

চতুর্থঃ (এফ-৪) ঃ প্রাপ্তবয়স্ক আমেরিকান নাগরিকদের ভাই-বোনঃ ০৮ জুন, ২০০৭।

এ বিষয়ে এবং চাকরি ভিত্তিক ভিসার প্রাপ্যতা জানতে চাইলে ইউএস ডিপার্টমেন্ট অব স্টেটের ওয়েব সাইট ভিজিট করুন।

নিউইয়র্ক থেকে কবীর উদ্দিনের প্রশ্নঃ

আমার স্ত্রী তার সিটিজেনশীপের জন্য আবেদন করেছিলো। তার ইন্টারভিউ'র সময় অফিসার আমাদের স্বামী-স্ত্রীর যৌথ ব্যাংক একাউন্ট, ট্যাক্স রিটার্ন, লীজ এবং ইউটিলিটি বিল উপস্থাপন করতে বলেছে।

আমি শুধু ট্যাক্স রিটার্নের কাগজপত্র পাঠিয়েছি। কারণ আমাদের কোন যৌথ ব্যাংক একাউন্ট, লীজ এবং ইউটিলিটি বিল নেই। এই সব কাগজপত্র আমার একার নামে ছিলো ঐগুলো পাঠাইনি। ইমিগ্রেশনের কাছ থেকে আমি ডিনায়েল লেটার পেয়েছি। তারা আমাকে আপীল করার জন্য সময় দিয়েছিলো। কিন্তু আমি আপীল করিনি। আমি কি রি-ওপেন করতে পারি এবং কিভাবে?

কবীর উদ্দিনের প্রশ্নের উত্তরঃ

একজন ইউএসসিটিজেনের স্পাউস তার গ্রিনকার্ড পাবার তারিখ থেকে তিন বছর পর সিটিজেনশীপের জন্য আবেদন করতে পারেন। পাঁচ বছরের পরিবর্তে। সাধারণ নিয়ম অনুযায়ী গ্রিনকার্ড পাবার তারিখ থেকে পাঁচ বছর পর সিটিজেনশীপের জন্যে আবেদন করা যায়। এই নিয়মের ব্যতিক্রম হয় শুধুমাত্র ইউএস সিটিজেনের স্পাউসের ক্ষেত্রে।

একটি শর্তের ভিত্তিতে ইউএস সিটিজেনের স্পাউস পাঁচ বছরের পরিবর্তের তিন বছর পর সিটিজেনশীপের আবেদনের জন্য উপযুক্ত বলে বিবেচিত হয়। আর এই শর্তটি হচ্ছে তাদের স্বামী-স্ত্রীকে একত্রে বসবাস করতে হবে। ইন্টার-ভিউ এর সময় একত্রে বসবাসের প্রমাণ উপস্থাপন করতে হবে। আপনার কেসের ক্ষেত্রে আপনি মোশনের জন্য আবেদন করতে পারেন। অবশ্য আপনি ইউএসএস'র বাইরে গিয়ে আবার ফিরে এসেছেন। কিন্তু আপনার কাছে হয়তো দেখাশোনার মতো যথেষ্ট কাপগজপত্র নেই। তবে সিটিজেনের স্পাউস হিসেবে তিন বছর পর আবেদন না করে পাঁচ বছর পর যদি সিটিজেনশীপের জন্য আবেদন করা যায় তবে একত্রে বসবাসের প্রমাণ উপস্থাপন করতে হবে না। মোশনের জন্য আবেদরেন চাইতে নতুন করে আবেদন করা ভালো।

ইবি-১ সি ভিসাঃ

নিউইয়র্ক থেকে এস চৌধুরীর প্রশ্নঃ

আমি ঢাকার অত্যন্ত জনপ্রিয় একটি ব্যবসায়িক কোম্পানীতে একজন পেশাদার ম্যানেজার। আমি ব্যবসার সম্ভাবনা যাচাইয়ের জন্য নিউইয়র্ক সফরে আসার পরিকল্পনা নিয়েছি। আমি কয়েকজন এটর্নীর সাথে যোগাযোগ করেছি পরামর্শের জন্য। কিন্তু তারা পরস্পর বিরোধী পরামর্শ দেয়ায় আমি কিছুটা বিভ্রান্ত। আমি ইবি-১ সি ভিসার যোগ্যতা সম্পর্কে জানতে চাচ্ছি।

এস চৌধুরীর প্রশ্নের উত্তরঃ

অনুগ্রহ করে ইবি-১ সি ভিসা সম্পর্কে নিম্নে উল্লেখিত বিষয়গুলো দেয়না আপনি আপনার শিক্ষা এবং অভিজ্ঞতা সম্পর্কে বিস্তারিত জানার চাই। সে কারণে আপনার যোগ্যতা নির্নয় করতে পার-ছিনা।

ইবি-১ সি ভিসার যোগ্যতা কি?

আবেদনকারীঃ একজন ইউএস কোম্পানি-

১) অবশ্যই এক বছরের পুরাতন হতে হবে,

২) ইউএস কোম্পানীর সঙ্গে অবশ্যই সম্পর্কিত হতে হবে- সে প্যারেন্ট, সাবসিডিয়ারি সংগঠন হবে, শাখা অফিস, এ্যাফিলিয়েট হতে হবে,

৩) ইবি-সি ভিসার জন্য লেবার সার্টিফিকেশন প্রযোজ্য হবে না।

বেনিফিশিয়ারি

১। ভিসা বেনিফিশিয়ারিকে অবশ্যই পূর্ববর্তী ৩ বছরের মধ্যে ১ বছর এক নাগাড়ে কাজ করতে হবে এফ বি-১ সি ভিসা ফাইল করার পূর্বে।

২) ভিসা বেনিফিশিয়ারিকে কোন বিদেশি কোম্পানিতে ম্যানেজার বা নির্বাহী পদ মর্যদায় কাজের অভিজ্ঞতা থাকতে হবে। পার্সোনাল বা ফাংশনাল ম্যানেজার।

বেনিফিশিয়ারির নির্বাহী পদ মর্যাদা বলতে বুঝায়ঃ

১) কোন প্রতিষ্ঠানের অঙ্গ, কমপোনেন্টে পরিচালনার দায়িত্ব;

২। কোন প্রতিষ্ঠানের অঙ্গ পরিচালনা বা লক্ষ্য ও নীতি প্রতিষ্ঠার ক্ষমতা;

৩) নীতি নির্ধারণে ব্যাপক ভিত্তিক ক্ষমতা,

৪। এবং সাধারণ সুপারভিশন অথবা পরিচালনা।

৩- ভিসা বেনিফিশিয়ারির জন্য ইউএস কোম্পানীতে ম্যানেজারিয়াল না নির্বাহী পদে সার্বক্ষণিক কর্ম প্রস্তাব থাকতে হবে।

ইবি-১ সি ভিসা আবেদনের জন্য যেসব কাগজপত্র প্রয়োজনঃ

১) ইউএস কোম্পানী এবং বিদেশি কোম্পানীর দায়িত্বপ্রাপ্ত প্রতিনিধির স্বাক্ষরযুক্ত স্টেটমেন্ট যাতে দুই কোম্পানীর মধ্যে কার্যকর সম্পর্কের উল্লেখ থাকতে হবে।

২) ইউএস কোম্পানী এবং বিদেশি কোম্পানির পক্ষে ট্যাক্সি রিটার্ন।

৩) ইউএস কোম্পানী এবং বিদেশি কোম্পানীর স্টক মালিকানার রেকর্ডপত্র।

৪) ইউএস কোম্পানি এবং বিদেশি কোম্পানির পক্ষে আর্টিকেলস অব ইনকরপোরেশন।

৫) ইউএস এবং বিদেশি কোম্পানির পদে বাইল'স।

৬) ১ বছরের জন্য ইউএস কোম্পানির ব্যবসায়িক লাইসেন্স, লিজ এগ্রিমেন্ট, স্টেট এবং ফেডারেল ট্যাক্স রিটার্ন, কর্মচারিদের ডব্লিউ-২ ফরম।

৭) ইউএস এবং বিদেশি কোম্পানি উভয়ের বিস্তারিত প্রাতিষ্ঠানিক চার্ট।

৮) ইউএস এবং বিদেশি কোম্পানির স্বাক্ষরযুক্ত স্টেটমেন্ট যাতে পরিষ্কারভাবে বিদেশি শ্রমিকদের জব ডেসক্রিপশন এবং প্রতিদিনকার দায়িত্বের বর্ননাসহ প্রত্যেক কাজের সময় এবং বিষয়ের উল্লেখ থাকতে হবে।

প্রয়োজনবোধে একজন এটর্নীর সাথে আলোচনা করতে পারেন।

ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা: ২২৫ ব্রডওয়ে (৩৮ তলা), নিউইয়র্ক ১০০০৭।
ফোন: ২১২-৫১৩-৭৪৭৪
ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০
ই-মেইল:
kazmiandreeves@gmail.com
এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদঃ হুসনে এ. বেগম।



Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

* Immigration Cases & Appeals * Bankruptcy Cases
* Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।

অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।

বাঙালীর রসনা বিলাস!

(শেষের পাতার পর)

কাজ। নেহায়েত ঠেকায় না পড়লে কেউ এসব জায়গায় গিয়ে খেতো না। তাও গোপনে, কেউ যেন দেখে না ফেলে! মূলত: আগন্তুক, ব্যবসা বা বিভিন্ন কাজে যারা সাময়িক সময়ের জন্য শহরে আসতেন, চাকুরে ইন্স্যুরেন্সের এজেন্ট বা পাটের দালাল ফড়িয়া কিসিমের লোক- শহরে যাদের কোন আত্মীয়স্বজন বা নিকট বন্ধু থাকতো না তারাই বোর্ডিং নামের এক ধরনের ঘরে থাকতেন, রান্নাবান্নার আয়োজন না থাকলে এরাই হোটেলে গিয়ে খাওয়ার কাজ সাড়তেন। এদেরকে দেখা হতো অনেকটা করুনার চোখে। আহারে কেমন হতভাগা বেচারা, খাওয়ার ব্যবস্থা নেই! বড় রাস্তার মোড়গুলোয় একদুইটা করে চায়ের দোকান দেখা যেতো। এসব জায়গায় প্রধানত: কিছু লোক আড্ডা দিতো। রাজনীতির লোক কলেজ পড়ুয়া বা ষন্ডা মাস্তান টাইপের যুবকরাই মূলত: ছিল চায়ের দোকানের খদ্দের। সাধারণ মানুষ এদেরকে এড়িয়ে চলতো।

এককালে পদযাত্রী আগন্তুক বা মুসাফিরদের জন্য সড়াইখানা অতিথিশালা বা মুসাফিরখানা নামে এক ধরনের থাকা খাওয়ার ব্যবস্থা ছিল। সম্রাট বাদশা বা নগরপতিদের সৌজন্যে এসব আশ্রয়স্থলে আগতদেরকে বিনামূল্যে অতিথিসেবা দেওয়া হতো। নবাবী আমল পর্যন্ত এই ব্যবস্থা নিরবচ্ছিন্ন ছিল। ইংরেজরা আসার পর ইউরোপীয়ান স্টাইলে হোটেল রেস্টুরেন্টের চল শুরু হয়। পাকিস্তান আমলের গোড়ার দিকে শুধুমাত্র শহরগুলোয় দুইএকটা করে হোটেল রেস্তোরার অস্তিত্ব দেখা যেতো। কিন্তু গ্রামাঞ্চলে মেহমানদারীর সেই সনাতনী প্রথাই অব্যাহত থাকে। অতিথি অভ্যাগতদের জন্য অবস্থাপন্নদের বাড়ীর বৈঠকখানা প্রায় অবারিতই থাকতো। অতিথি মুসাফির বা অভ্যাগতরা কারও বাড়ীর বৈঠকখানায় বিনা খরচে থাকা এবং খাওয়ার সুবিধা পেতেন। অতিথি আপ্যায়ন সমাজে বেশ গৌরবজনক কাজ বলে বিবেচিত হতো। গ্রামের হাট বাজারগুলোয় খাওয়ার দোকানের মধ্যে বড়জোর ময়রার দোকান থাকতো। এতে দধি মাঠা ঘোল ঘি মিষ্টান্ন বিক্রি হতো। কেউ পানি খেতে চাইলে খাওয়ানোর জন্য মানুষ অস্থির হয়ে উঠতো। পানি বিক্রি বা পানি খাইয়ে পয়সা নেওয়া গর্হিত কাজ বলে বিবেচিত হতো। অবশ্য পানি খাইয়ে তখন কেউ কোন টাকা পয়সা চাইতোও না।

স্বাধীনতার পর থেকে মূলত: সাড়া দেশে হোটেল রেস্তোরার আধিক্য বেড়ে চলে। জনসংখ্যা বৃদ্ধি, মানুষের চলাফেরা বেড়ে যাওয়া, নগরজীবনে আসক্তি, ব্যস্ততা, মূল্যবোধের অবক্ষয়, আত্মকেন্দ্রিক সমাজজীবন, পারিবারিক বন্ধনগুলো শিথিল হয়ে যাওয়া- ইত্যাদী নানা কারনে মানুষ বাহিরমুখী হয়ে পড়তে থাকে। ঘাট অঘাট হয়ে যাওয়া, অজাত-কুজাতের জাতে ওঠা, ফকিন্নির পুত রাতারাতি রাজপুত বনে যাওয়া, নষ্ট রাজনীতির সুবাদে এবং অবাধ লুণ্ঠনযজ্ঞের বদৌলতে রাতারাতি আঙুল ফুলে তালগাছ বনেযাওয়া হঠাৎ ভদ্দরলোকরা ওয়েস্টার্ণ কালচার প্র্যাকটিস শুরু করেন। সেই কালীপ্রসন্ন সিংহের কথায় অনেকটা 'ওরা কমোডে হাগেন কাগজে পোদ পোছেনের' মত। বাসাবাড়ীতে রান্নাবান্নার পাট চুকে যেতে থাকে। গড়ে উঠতে থাকে পার্টি কালচার। কিছু একটা অকেশন এলেই পার্টি, রিসেপশন, ট্রিট, অনুষ্ঠান। টাকা ওড়ানোর একটা বড় মাধ্যম হয়ে ওঠে বিলাশবহুল হোটেল এবং রেস্তোরা। সেই সাথে আদেখলেপনা। এমনিতেই হুজুগে বাঙাল বলে বাঙালীদের একটা সুখ্যাতি আছে। হালে এর নাম হয়েছে ট্রেন্ড। কোন একটা কিছুর নাম ফাটলে তার ওপর ঝাপিয়ে পড়া এক শ্রেণীর মানুষের খাইছলত। ক্যাটারিং সার্ভিসে এক সময় ফখরুদ্দিন বাবুর্চির নাম ফাটলো, মানুষ সব হুমড়ি খেয়ে পড়লো। তার পর হাজীর বিরিয়ানি। সে অমৃত না খেলে জীবন বৃথা। হঠাৎ একবার শোনা গেল মামার বিরিয়ানি। এলো নান্না। হুজুগের তালিকায় সর্বশেষ সংযোজন কাচ্চি ভাই!

নগর জীবনে হোটেল রেস্তোরা থাকবে। নানা কাজে মানুষ বাইরে থেকে শহরে আসে। তাদেরকে আবাসিক হোটেলে থাকতে হয়, রেস্টুরেন্টে খেতে হয়। এ ছাড়া ভাসমান জনগোষ্ঠী যাদের চালচুলো নাই তাদেরকেও আহার বাসস্থানের জন্য এই হোটেল রেস্তোরার ওপরই নির্ভর করতে হয়। দিনে যারা কাজে থাকেন তাদের অনেককে দুপুরের খাবার রেস্টুরেন্টে সেড়ে নিতে হয়। এগুলো হচ্ছে প্রয়োজন। কিন্তু বাসাবাড়ীতে রান্নাবাড়া বন্ধ করে দিয়ে, প্রয়োজনে প্রয়োজনে পার্টি ট্রিট রুচীবদল টেস্ট করে দেখা বা বড়লোকি দেখাতে দামী রেস্টুরেন্টে গিয়ে টাকা ঢালা এক শ্রেণীর মানুষের কালচারে পরিনত হওয়ায় পরিস্থিতি বদলে গেছে। এদের জন্যই রাজধানী শহর তো বটেই সারা দেশে এমন কি গ্রামগঞ্জেও ব্যাঙের ছাতার মত গড়ে উঠেছে নানা নামের নানা কিছিমের বাহারি সব রেস্টুরেন্ট। ঢাকায় এমন কোন আবাসিক এলাকা পাড়া মহল্লা নাই যেখানে এগুলো পাওয়া যাবে না। ধানমন্ডি এলাকার জিগাতলার মোড় থেকে মোহাম্মদপুর বাস স্ট্যান্ড পর্যন্ত রাস্তার দুই পাশে কম করে হলেও অর্দ্ধ শতাধিক রেস্টুরেন্ট ফাস্ট ফুডের দোকান আছে। সবগুলোই এক্সপেন্সিভ। অথচ ভীড় সব সময় লেগেই আছে। সন্ধ্যার পর অনেক রেস্টুরেন্টে জায়গা পাওয়াই ভার। মনে হবে সব হাভাতে!

এদেরই রসনা বিলাসের যোগান দিতে কোনরূপ নিয়ম-নীতির তোয়াক্কা না করে এক শ্রেণীর লোভী ব্যবসায়ী যত্রতত্র হোটেল রেস্টুরেন্ট খুলে বসেছে। সহযোগী সরকারের লোকজন। নিয়মিত প্যাকেট পায়। আর এদের এই অর্থলিপ্সার বলি হয় কিছু হতভাগা মানুষ। বেইলি রোডের কাচ্চি ভাই আপাতত: যার সর্বশেষ নজীর।

কি পাপ যে করেছিলো বাঙালী!

শাকিবের পণ্যের ব্র্যান্ড অ্যাম্বাসেডর হলেন

(শেষের পাতার পর)

বাংলাদেশের প্রতিনিধিত্ব কাজ করে যাচ্ছেন। শাকিব ও সাকিবের মধ্যে বিরাজমান চমৎকার সু-সম্পর্ক আরও পরিণত হতে যাচ্ছে। সংবাদমাধ্যম অনুযায়ী, শাকিব খানের কর্পোরেট প্রতিষ্ঠানে যুক্ত হচ্ছে আরেক সাকিব।

গেল জানুয়ারীতে অথেনটিক কসমেটিকস, টয়লেট্রিজ, হোম কেয়ার, স্কিনকেয়ার প্রতিষ্ঠান রিমার্ক এন্ড হারল্যান-এর সঙ্গে অফিসিয়াল পথচলা শুরু হয়েছে শাকিব খানের। জনপ্রিয় এই চিত্রতারকা হয়েছেন আন্তর্জাতিক মানের এই প্রসাধনী ব্র্যান্ডের অন্যতম একজন ডিরেক্টর। এবার শাকিব খানের এই কোম্পানির পণ্যের ব্র্যান্ড অ্যাম্বাসেডর হিসেবে যোগ দিচ্ছেন বিশ্বসেরা অলরাউন্ডার ক্রিকেটার সাকিব আল হাসান।

শাকিব খানের এই প্রতিষ্ঠানের পণ্য হোমকেয়ার ও হোমক্লিনিং 'টাইলক্স'র ব্র্যান্ড অ্যাম্বাসেডর নিযুক্ত হচ্ছেন মাগুরা-১ আসনের এই সংসদ সদস্য।

এ উপলক্ষে গত ৯ মার্চ শনিবার সকাল ১১টায় রাজধানীর একটি হোটেলে শাকিব খান ও রিমার্ক এন্ড হারল্যানের উর্দ্ধতন কর্মকর্তাদের সঙ্গে সাকিব আল হাসানের এক চুক্তি স্বাক্ষর হতে যাচ্ছে। যেখানে প্রথমবারের মতো একসঙ্গে 'মিট দ্য প্রেস'-এ পাওয়া যাবে দুজনকে।

রমজানের শুভেচ্ছা জানালেন প্রেসিডেন্ট বাইডেন

(প্রথম পাতার পর)

ভয়ানক দুর্ভোগের মধ্যে ফেলেছে। হাজার হাজার শিশুসহ ৩০ হাজারের বেশি ফিলিস্তিনি নিহত হয়েছে, যাদের অধিকাংশই বেসামরিক নাগরিক। কেউ কেউ আমেরিকান মুসলমানদের পরিবারের সদস্য, যারা আজ তাদের হারিয়ে যাওয়া প্রিয়জনকে নিয়ে গভীরভাবে শোকাহত।' বাইডেন আরো বলেছেন 'যুদ্ধের কারণে প্রায় ২০ লাখ ফিলিস্তিনি বাস্তুচ্যুত হয়েছেন; অনেকেরই খাদ্য, পানি, ওষুধ এবং আশ্রয়ের জরুরি প্রয়োজন। যুক্তরাষ্ট্র গাজায় আটক বন্দিদের মুক্তির জন্য সম্ভাব্য একটি চুক্তির অংশ হিসাবে কমপক্ষে ছয় সপ্তাহের জন্য অবিলম্বে এবং টেকসই যুদ্ধবিরতি কার্যকরের জন্য অবিরাম কাজ চালিয়ে যাবে বলে জো বাইডেন রোববার পুনর্ব্যক্ত করেন। যুক্তরাষ্ট্র স্থল, আকাশ ও সমুদ্রপথে গাজায় আরও মানবিক সহায়তা পাঠাতে আন্তর্জাতিক প্রচেষ্টার নেতৃত্ব দিতে থাকবে বলেও জানান প্রেসিডেন্ট বাইডেন।

কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল'



এটর্নী মঈন চৌধুরী

Moin Choudhury, Esq.

Hon. Democratic District Leader at Large, Queens, NY

মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।

সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.

917-282-9256

Moin Choudhury, Esq

Email: moinlaw@gmail.com

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



Timothy Bompart
Attorney at Law

এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দূর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্ম
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
Immigration

(To Schedule Appointment Only)

Call:917-282-9256

E-mail: moinlaw@gmail.com



Moin Choudhury
Attorney at Law

Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372

Manhattan Office By Appointment Only.

Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.



রিয়েলটর আর বাড়ী ক্রেতাদের জন্য থাকবে চমক

(শেষের পাতার পর)

এবার নিউইয়র্কে প্রথমবারের মতো রিয়েল এস্টেট এক্সপো আয়োজন করার উদ্যোগ নিয়েছে। এক্সপোর শিরোনাম 'মর্টগেজ ডিপোট টিম বেইলি প্রেজেন্টেড ইউএসবিসিসিআই রিয়েল স্টেট এক্সপো-২০২৪'। এই এক্সপো আয়োজনের মূল লক্ষ্য হচ্ছে- এজেন্ট, ব্রোকার, বিনিয়োগকারী, বাড়ী ক্রেতা এবং বিক্রেতা সহ বিভিন্ন ব্যাকগ্রাউন্ডের রিয়েল এস্টেট পেশাদারদের একত্র করা, সবাইকে এক ছাতার নীচে এনে সংশ্লিস্টদের লক্ষ পূরণ করা। আগামী ১৮ মে নিউইয়র্কের লাগোরডিয়া ম্যারিয়ট হোটেলে এই এক্সপো অনুষ্ঠিত হবে। এক্সপো উপলক্ষ্যে আয়োজিত সংবাদ সম্মেলনে এইসব তথ্য জানানো হয়।

গত ৬ মার্চ বুধবার দুপুরে জ্যামাইকার একটি মিলনায়তনে আয়োজিত সংবাদ সমম্মেলনে স্বাগত বক্তব্য রাখেন ইউএসবিসিসিআই'র অন্যতম ডিরেক্টর শেখ ফরহাদ। এতে ইউএসবিসিসিআই লিটন আহমেদ, এক্সপো'র চেয়ার ইসমাইল আহমেদ, আহাদ এন্ড কোম্পানির সিইও আহাদ আলী সিপিএ, মর্টগেজ ডিপোটের সিইও তারিক বেইলি বক্তব্য রাখেন এবং বিভিন্ন প্রশ্নের উত্তর দেন। সংবাদ সম্মেলনে ইউএস বিসিসিআইএ'র ভাইস প্রেসিডেন্ট রুম্মান বিরতিজ, ডিরেক্টর বদরুদ্দোজা সাগার, ডিরেক্টর রফিক খান, এটর্নি সাফি চৌধুরী, এটর্নি হাসান মালিক, মিডব্রোক ফিনান্সিয়াল মর্টগেজ ব্যাংকার্স কর্পোরেশনের ব্রাঞ্চ ম্যানেজার ভিক্টর আন্দ্রেড প্রমুখ উপস্থিত ছিলেন।

সংবাদ সম্মেলনে জানানো হয়, যুক্তরাষ্ট্রের বিভিন্ন প্রান্ত থেকে ৫০টির বেশী এক্সিবিটর এবং ১০০'র বেশী পেশাদার ব্যক্তি এই এক্সপোতে উপস্থিত থাকবেন বলে আমাদের প্রত্যাশা। এই আয়োজনে বিভিন্ন শ্রেনী পেশার মানুষ যেমন, এজেন্ট, আইনজীবী, স্থপতি, ব্যাংকার, ব্রোকার, শিক্ষাবিদ উপস্থিত থাকবেন। এতে একে অন্যের সাথে সৌহার্দ বিনিময়ের দারুন সুযোগ পাবেন। চমৎকার এই এক্সপো'র নতুন ধারা, উদ্ভাবনী কৌশল, পর্যাপ্ত মিডিয়া কাভারেজ অবশ্যই অতিথিদের ভিন্ন কিছু জানার সুযোগ করে দিবে। অনুষ্ঠানে নিজেদের ব্রান্ড উপস্থাপনের জন্য ব্যবসায়ীদের প্রতি আহবান জানিয়েছেন সংশ্লিষ্টরা। এই এক্সপো কমিউনিটিতে একটি দৃষ্টান্ত হয়ে থাকবে বলে মনে করছেন আয়োজকরা।

সংবাদ সম্মেলনে জানান হয়, এক্সপো'তে ৫টি প্যানেল থাকবে, যারা বিভিন্ন বিষয়ে অতিথিদের সামনে উপস্থাপন করবেন। এর মধ্যে উল্লেখযোগ্য বিষয়গুলো যেমন, রিয়েল এস্টেট শিল্পের বিভিন্ন দিক, এআই প্রযুক্তি, স্মার্ট বিনিয়োগ, শরীয়া আইনের মাধ্যমে নৈতিক বিনিয়োগসহ আরো বিভিন্ন বিষয় থাকবে। এক্সপোথে থাকবে রিয়েল এস্টেট শিল্প বিশেষজ্ঞগণ, যাদের সাথে মতবিনিময়ের মাধ্যমে ব্যবসার পরিধি বাড়ানোর জ্ঞান অর্জনসহ নানা দিকে অভিজ্ঞতা অর্জনের সুযোগ থাকছে। গ্রাহকের চাহিদা বুঝা একজন বিনোয়াগারীর জন্য গুরুত্বপূর্ন। এই এক্সপোতে গ্রাহকের চাহিদা বুঝতে বিনোয়াগকারীদের বেশ সহযোগীতা করবে বলে আমরা মনে করছি। আমরা চাই, এই সেক্টরে আগ্রহীরা আমাদের সাথে যোগ দিবেন এবং মত বিনিময়ের মাধ্যমে আমরা নতুন নেটওয়ার্কিংয়ের পথ খুঁজে বের করতে সক্ষম হবো। সব কিছু মিলিয়ে আমরা বলতে পারি এবারের এই এক্সপো গ্রাহক, বিনিয়োগকারীদের মাঝে এক নতুন দিগন্তের সূচনা করবে।

বাংলাদেশী কমিউনিটির মানুষের জন্য এই এক্সপো দারুন সহায়ক হবে বলে মনে করেন সংগঠনের ফাউন্ডার প্রেসিডেন্ট লিটন আহমেদ।

সবার আন্তরিক চেষ্টায় একটি সফল এক্সপো হতে যাচ্ছে বলে জানান এক্সপো'র চেয়ার ইসমাইল আহমেদ।

এই আয়োজনের পাশে থাকতে পেরে নিজের উচ্ছ্বাসের কথা জানান মর্টগেজ ডিপোটের সিইও তারিক বেইলি।



রমজান শুরুতেই কেনাকাটার ধুম

(শেষের পাতার পর)

জ্যাকসন হাইটসের বাংলাদেশী গ্রোসারী পণ্যের দোকানগুলোতে শনিবার বছরের সবচেয়ে জমজমাট বিকিকিনি হয়েছে বলে জানিয়েছেন ব্যবসায়ীরা। কোন কোন দোকানী জানান, রমজান উপলক্ষে বিক্রি বাড়ায় বেশ কিছু পণ্যে মূল্যছাড় দিয়েছেন তারা। ফলে ক্রেতারা সচ্ছন্দে কেনাকাটা করছেন। অধিকাংশ পণ্যের দাম নিয়ে সন্তুষ্ঠি প্রকাশ করলেও পেঁয়াজের দাম নিয়ে ক্রেতারা অস্বস্তি প্রকাশ করেছেন।

শুধু জ্যাকসন হাইটস নয়, নিউইয়র্ক সিটির বাংলাদেশ অধ্যুষিত জ্যামাইকা, ওজনপার্ক, ব্রঙ্কস, ব্রুকলীন প্রভৃতি এলাকার বাংলাদেশী মালিকানাধীন গ্রোসারীগুলোতে রমজান উপলক্ষ্যে কেনাকাটায় বেশ ভীড় পরিলক্ষিত হয়। ব্যবসায়ীরা জানান, গ্রোসারীগুলোতে পর্যাপ্ত পরিমান খাবার মজুত রয়েছে। ক্রেতাদের চাহিদা পূরণে কোন সমস্যা হবে না। তবে পেঁয়াজ সহ কিছু কিছু পণ্যের দাম একটু বেশী বলে তারা স্বীকার করেন।

এদিকে পবিত্র রমজান উপলক্ষ্যে জ্যামাইকার (১৪৪-০১ হিলসাইড এভিনিউ) আফতাব গ্রোসারী সুপার মার্কেট সহ অনেক দ্রব্য সামগ্রী কেনাকাটায় গ্রোসারী স্টোরে বিশেষ সেল প্রদান করা হয়েছে বলে সংশ্লিস্ট ব্যবসায়ী মালিক জানান। আফতাব সুপার মার্কেটে মাছ-মাংস, শাক-সবজী সহ অনেকে আইটেমেই বিশেষ ছাড় দেয়া হয়েছে। সপ্তাহের প্রতি শনিবার ও রোববার চলছে 'মাছ মেলা' মার্কেটটিতে রয়েছে ফ্রি পার্কি-এর সুবিধা।

এছাড়াও জ্যামাইকার ফাতেমা গ্রোসারী, কাওরান বাজার সুপার মার্কেট, ফ্রেস সুপার মার্কেট, আল আকসা সুপার মার্কেট, জ্যাকসন হাইটসের ইত্যাদি, খামারবাড়ী, মান্নান, ব্রঙ্কসের আল আকসা সুপার মার্কেট প্রভৃতি গ্রোসারী স্টোরগুলোতে রমজান উপলক্ষ্যে বিশেষ সামগ্র বিশেষ সেল চলছে বলে জানা গেছে।

শুরু হলো রোজা

(প্রথম পাতার পর)

এ মাস উদযাপনে সারাবিশ্বের মত যুক্তরাষ্ট্রেও ব্যাপক প্রস্তুতি নিয়েছেন মুসলিম সম্প্রদায়ের লোকজন। টানা এক মাস সিয়াম সাধনার মধ্য দিয়ে আল্লাহর নৈকট্য আর্জনের চেষ্ঠায় মনোনিবেশ করবেন মুসলমানরা। নিউইয়র্কের বিভিন্ন এলাকায় রামাদান উপলক্ষে আলোকসজ্জাসহ ধর্মীয় আবহ সৃষ্ঠির নানা আয়োজন লক্ষ্য করা গেছে। মুসল্লিরা জানিয়েছেন, ফিলিস্তিনে ইসরাইলী আগ্রাসনে অবরুদ্ধ গাজাবাসীর জন্য নিউইয়র্কের মসজিদে মসজিদে বিশেষ প্রার্থনা থাকবে পবিত্র এ মাসজুড়ে। এছাড়া, রোজায় বিভিন্ন ফান্ডরাইজিং কর্মসূচির মাধ্যমে যুদ্ধ বিধ্বস্ত গাজার জন্য তহবিল সংগ্রহ করা হবে। এদিকে, পবিত্র মাহে রামাদান উপলক্ষে শুভেচ্ছা জানিয়ে মুসলিম সম্প্রদায়কে শুভেচ্ছা জানিয়েছেন প্রেসিডেন্ট জো বাইডেন। এক বিবৃতিতে এ মাসের পবিত্রতায় যাতে সবার হৃদয় ও মন ছুয়ে যায় সে প্রত্যাশা ব্যক্ত করেন বাইডেন।

রমজান উপলক্ষ্যে নিউইয়র্ক সিটির অধিকাংশ মসজিদগুলোতে খতমে তারাবিহ নামাজের আয়োজন করা হয়েছে। এজন্য নিয়োগ দেয়া হয়েছে একাধিক কোরআনে হাফেজ। জ্যামাইকা মুসলিম সেন্টার (জেএমসি), মদিনা মসজিদ, আরাফা ইসলামিক সেন্টার, হাজী ক্যাম্প মসজিদ, বাংলাদেশ মুসলিম সেন্টার, এস্টোরিয়ার আল আমীন ইসলামিক সেন্টার, বায়তুল জান্নাহ ইসলামিক সেন্টার, পার্কচেষ্টার জামে মসজিদ প্রভৃতি মসজিদে তারাবিহ নামাজের বিশেষ আয়োজন করা হয়েছে বলে জানা গেছে।

অপরদিকে সৌদি আরবেও রোজা শুরু হলো সোমবার থেকে। রোববার সন্ধ্যায় দেশটির সুপ্রিম কোর্ট এ কথা ঘোষণা করেছে। আরব নিউজের খবরে বলা হয়, রোববার সন্ধ্যায় সৌদি আরবের সুদাইর ও আল-হারিকে চাঁদ দেখা গেছে।

আরবি ক্যালেন্ডারের নবম মাস হলো পবিত্র রমজান। এ মাসে ধর্মপ্রাণ মুসলমানরা ভোর থেকে সূর্যাস্ত পর্যন্ত সকল প্রকার পানাহার থেকে বিরত থাকে আল্লাহর সন্তুষ্টি লাভের উদ্দেশে। পবিত্র এই মাস হলো আত্মসংযমের মাস। এ মাসে মুসলমানরা বেশি বেশি কোরআন পাঠসহ ইবাদত বন্দেগি করে থাকেন স এর আগে রমজান শুরুর তারিখ ঘোষণা করেছে অস্ট্রেলিয়া, মালয়েশিয়া, ইন্দোনেশিয়া, সিঙ্গাপুর, ব্রুনাই, ফিলিপাইন ও জাপান। দেশগুলোতে রমজান শুরু হবে মঙ্গলবার থেকে। বাংলাদেশেও রোজা শুরু হচ্ছে মঙ্গলবার।

রমজানের আগে ৯০০ পণ্যের দাম কমালো কাতার

এদিকে প্রতি বছরের মতো এবারও পবিত্র রমজান মাসের আগেই কয়েকশ' পণ্যের দাম কমিয়ে দিয়েছে মধ্যপ্রাচ্যের অন্যতম ধনাঢ্য দেশ কাতার। ২০২১ সালে দেশটি প্রায় ৬৫০ পণ্যের দাম কমিয়েছিল। ২০২২ সালে সেই সংখ্যা বেড়ে দাঁড়ায় ৮০০তে, ২০২৩ সালে সেটি আরো বাড়িয়ে ৯০০র বেশি পণ্যের দাম কমায় মধ্যপ্রাচ্যের দেশটি। এ বছরও প্রায় একই সংখ্যক পণ্যের দাম কমিয়েছে কাতারি কর্তৃপক্ষ।

দোহা নিউজ জানায়, কাতারসহ মধ্যপ্রাচ্যের দেশগুলোতে এ বছর রমজান মাস শুরু হতে পারে আজ থেকে। তার আগেই কাতারের বাণিজ্য ও শিল্প মন্ত্রণালয় জানিয়েছে, দেশটিতে নয় শতাধিক পণ্যে বিশেষ মূল্যছাড় দেওয়া হয়েছে। গত ৪ মার্চ থেকেই কার্যকর হয়েছে নতুন মূল্যতালিকা, চলবে রমজান মাসের শেষ পর্যন্ত। দেশটির বড় বড় খুচরা বিক্রয় প্রতিষ্ঠানগুলোর সঙ্গে সমন্বয়ের মাধ্যমে এ উদ্যোগ বাস্তবায়িত হচ্ছে বলে জানিয়েছে কাতার সরকার।

কাতারে রমজান মাস উপলক্ষে মূল্যছাড় দেওয়া পণ্যগুলোর মধ্যে রয়েছে দুধ, দই এবং দুগ্ধজাত পণ্য, টিস্যু পেপার, পরিচ্ছন্নতা উপকরণ, রান্নার তেল ও ঘি, পনির, হিমায়িত সবজি, বাদাম, বোতলজাত পানি, জুস, মধু, মুরগি, রুটি, টিনজাত খাবার, পাস্তা, ভার্মিসেলি, গোলাপ জলসহ আরও অনেক কিছু।

কাতারি বাণিজ্য মন্ত্রণালয় এক বিবৃতিতে বলেছে, খাত্য ও ভোগ্যপণ্যের দাম বেড়ে যাওয়ায় পবিত্র রমজান মাসে সেগুলো কম দামে জনগণের কাছে পৌঁছে দেওয়ার জন্য এ উদ্যোগ নেওয়া হয়েছে।

কমিউনিটিতে বাড়ছে

(প্রথম পাতার পর)

আশির দশকে এই আগ্রহ বেড়ে যায়। আর নব্বইয়ের দশকে ওপি-১ ও ডিভি লটারীর সুবাদে বাংলাদেশীদের যুক্তরাষ্ট্রে আসার পথ খুলে যায়। প্রথম প্রথম বাংলাদেশীরা বিভিন্ন অডজব করে জীবনযাপন করলেও (বিশেষ করে হোটেলে জব অথবা ইয়েলো ট্যাক্সি ড্রাইভ অথবা কন্সট্রাকসন জব) এখন আর বাংলাদেশী-আমেরিকানদের সেই দিন নেই। মূলধারার রাজনীতিতেও এখন বাংলাদেশী কমিউনিটি নিজেদের স্থান করে নিতে সক্ষম হয়েছে। পাশাপাশি সময়ের সাথে তাল মিলিয়ে বাংলাদেশী কমিউনিটি এখন সকল ক্ষেত্রেই সমান তালে এগিয়ে চললেও কমিউনিটিতে অশুভ প্রতিযোগিতা বাড়ছে। ৯০ এর দশকে বাংলাদেশী-আমেরিকানরা রেষ্টুরেন্ট আর গ্রোসারী ব্যবসার মধ্য দিয়ে নিজেদের আবির্ভুত করেন। পরবর্তীতে যোগ হয় হোম কেয়ার সার্ভিস ব্যবসা সহ অন্যান্য ব্যবসা। তবে বাংলাদেশী কমিউনিটির বড় সমস্যা হচ্ছে যখন কেউ কোন নতুন উদ্যোগ নিয়ে সফলতার মুখ দেখলেই অন্যেরা সেই উদ্যোগে হুমরি খেয়ে পড়েন। যেমন যখন কমিউনিটির কেউ কেউ রেষ্টুরেন্ট বা গ্রোসারী ব্যবসা শুরু করলেন আর তখন অল্প কিছু দিনের মধ্যেই বাংলাদেশী মালিকানাধীন রেষ্টুরেন্ট-গ্রোসারী ব্যবসা বেড়ে গেলো। আবার শুরু হলো হোম কেয়ার সার্ভিস বিজনেস। ফলে শুরু হয়ে যায় অশু প্রতিযোগিতা। উল্লেখ্য, হোম কেয়ার সার্ভিসের পথ প্রদর্শক হলে বাংলা সিডিপ্যাপ সার্ভিসেস ও অ্যালেগ্রা হোম কেয়ার সার্ভিসেস-এর প্রতিষ্ঠাতা, বীর মুক্তিযোদ্ধা আবু জাফর মাহমুদ। যিনি সামাজিক কর্মকান্ডে অবদান রাখার জন্য যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্টশিয়াল অ্যাওয়ার্ড ছাড়াও স্যার ও ডক্টর উপাধী লাভ করেছেন।

আর এসব অশুভ প্রতিযোগিতার পাশাপাশি কমিউনিটিতে বেড়ে গেছে ফান্ড রেইজিং এর নামে মূলধারার রাজনীতিকদের সাথে ফটোসেশন, বাড়ী ক্রয়ের প্রতিযোগিতা, নতুন বাড়ীর ড্রইরুম পর্যন্ত সিটি মেয়র সহ মূলধারার রাজনীতিকদের আমন্ত্রণ, তথাকথিত জন্মদিন ঘিরে ব্যয়বহুল পার্টি আয়োজন, ফোবানা নামক বিভক্তির সংগঠনের নেতৃত্ব প্রতিষ্ঠার পাশাপাশি বিভিন্ন সামাজিক সংগঠনে বিভেদ-বিভক্তি, পাল্টাপাল্টি ঈদমেলা ও সাংস্কৃতিক অনুষ্ঠান প্রভৃতি আয়োজন কমিউনিটির অর্জনকে ম্লান করে দিচ্ছে। আবার এসব ফেসবুকে ফলাও করে প্রচারও করা হচ্ছে।

এছাড়াও 'কাঁচা পয়সা' জোরে অনেকেই কমিউনিটি নেতা হতে নানাভাবে 'অর্থ অপচয়' করে বিভিন্ন সামাজিক সংগঠনের নেতা বনেও যাচ্ছেন। এজন্য তৈরী করছেন বিভেদ-বিভক্তি আর ভাঙ্গন। ফলে কমিউনিটির অনেক সামাজিক সংগঠন এখন একাধিক ভাগে বিভক্ত। যাও অশুভ প্রতিযোগিতার ফসল বলে অভিজ্ঞমহলের ধারণা।

শুধু উল্লেখিত বিষয় নয়, সমাজের দর্পণ বলে পরিচিত নিউইয়র্কে বাংলা মিডিয়া জগতেও অশুভ প্রতিযোগিতা শুরু হয়েছে। আর এই প্রতিযোগিতা শুরু হয় বাংলা প্রিন্ট মিডিয়াগুলো ফ্রি করার মধ্য দিয়ে। যার ফলে যারা কখনো সাংবাদিক বা সাংবাদিকতার পেশায় ছিলেন না তারাও এখন সাংবাদিক/সম্পাদক/প্রকাশক জগতে প্রবেশ করেছেন। পাশাপাশি জনে জনে গড়ে উঠছে ফেসবুক টিভি যা কিনা অনেকের ভাষায় 'টেলিভিশন'। ফলে কমিউনিটি সাংবাদিকতা মুখ থুবরে বসতে চলেছে। অপরদিকে চরম সঙ্কটের মুখোমুখি হয়ে পড়েছে কমিউনিটির পেশার সাংবাদিকতা ও সাংবাদিক।

কমিউনিটির অশুভ প্রতিযোগিতা সম্পর্কে সমাজ ও রাজনীতি বিশ্লেষক মাহমুদ রেজা চৌধুরীর দৃষ্টি আকর্ষন করলে তিনি ইউএনএ প্রতিনিধিকে বলেন, আমরা যারা আমেরিকাতে কমিউনিটির নেতৃত্ব দিচ্ছি বা তথা কথিত 'কমিউনিটি নেতা' তাদের শেকড় বাংলাদেশ। আর বাংলাদেশ থেকে অর্জন করা কাজই আমরা আমেরিকান সমাজে করে যাচ্ছি, আর কিছু নয়। তাই কথিত কমিউনিটি নেতাদের কাছ থেকে আমরা এর চেয়ে আর কি আশা করতে পারি। আর ব্যবসা-বাণিজ্য সহ অন্যান্য ক্ষেত্রের অশুভ প্রতিযোগিতা নতুন কিছু নয়। এটাও আমাদের চারিত্রিক বৈশিষ্ট মাত্র। কেউ কোথার ভালো করলে সকলেই তাতে ঝাঁপ দিয়ে পরি।

নাম প্রকাশে অনিচ্ছুক কমিউনিটির একাধিক সচেতন ব্যক্তি জানান, আমাদের কমিউনিটির ভালো দেখলে আমাদেরও ভালো লাগে, কিন্তু যখন কোন কিছু 'অস্বাভাবিক দেখি' তখন খারাপ লাগে। যেমন হঠাৎ কেউ 'আঙ্গুল ফুলে কলা গাছ' হলে। বা লোক দেখানো বা নিজেকে জাহির করার জন্য প্রচার-প্রপাকান্ড চালালে তা কমিউনিটির সকলেরই দৃষ্টিকটু লাগে। তবে সব কিছুই একটু 'লিমিট' থাকা দরকার।

প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল

(প্রথম পাতার পর)

রাজিউন। রোববার (১০ মার্চ) রাতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেডিক্যাল বিশ্ববিদ্যায়ে চিকিৎসাধীন অবস্থায় তাঁর মৃত্যু হয়। প্রধানমন্ত্রীর প্রেস উইং থেকে পাঠানো এক বার্তায় জানানো হয়েছে, প্রেস সচিব ইহসানুল করিম এর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। ইহসানুল করিম ২০১৫ সালের জুন থেকে চুক্তি ভিত্তিতে সচিব পদমর্যাদা ও বেতনক্রমে প্রধানমন্ত্রীর প্রেস সচিব হিসেবে দায়িত্ব পালন করেন। বাংলাদেশ সংবাদ সংস্থার (বাসস) সাবেক ব্যবস্থাপনা পরিচালক ইহসানুল করিম প্রধানমন্ত্রীর প্রেস সচিব হিসেবে নিয়োগ পাওয়ার আগে প্রেসিডেন্টের প্রেস সচিব ছিলেন।

প্রধানমন্ত্রীর প্রেস সচিব বীর মুক্তিযোদ্ধা ইহসানুল করিমের মৃত্যুতে দেওয়া এক শোক বার্তায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, প্রধানমন্ত্রীর প্রেস সচিব হিসেবে তিনি অত্যন্ত সততা, দক্ষতা ও নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন করেন। দীর্ঘ সাংবাদিকতার ক্যারিয়ারে তিনি প্রেসিডেন্টের প্রেস সচিব, বাংলাদেশ সংবাদ সংস্থার ব্যবস্থাপনা পরিচালকসহ অনেক গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেন। তাঁর মৃত্যুতে দেশের গণমাধ্যম হারালো একজন প্রিয় সহকর্মীকে আর আমি হারালাম একজন বিশ্বস্ত কর্মকর্তাকে। প্রধানমন্ত্রী মরহুমের রুহের মাগফিরাত কামনা করেন এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান।

মেয়র এরিকের বাসভবনে বাংলাদেশ

(প্রথম পাতার পর)

সংবর্ধনা জানানো হয়। মেয়রের মূখ্য প্রশাসনিক কর্মকর্তা বাংলাদেশী-আমেরিকান মীর বাশার সবাইকে স্বাগত জানিয়ে বলেন, বাংলাদেশ হেরিটেজ মাস বাংলাদেশী আন্দোলনে অবদানের প্রতিফলনের মাস। তিনি আরো বলেন, নিউইয়র্কের ৫টি বরোতেই বাঙালীদের সংস্কৃতি ছড়িয়ে আছে। খাবারের দোকান থেকে শুরু করে চিকিৎসা, প্রযুক্তি এবং বিভিন্ন খাতে বাঙ্গালিরা গুরুত্বপূর্ন ভূমিকা পালন করছে। অনুষ্ঠানে মেয়র এরিক অ্যাডামস বলেন, নিউইয়র্কে বিভিন্ন সম্প্রদায়ের মানুষ বাস করে। তিনি বাংলাদেশী-আমেরিকান হয়ে নিউইয়র্ক সিটি এবং দেশের উন্নয়নে অবদান রাখার আহ্বান জানান। অনুষ্ঠানে কয়েকজন বিশিষ্ট বাংলাদেশী আমেরিকানের হাতে সম্মানা তুলে দেন মেয়র এরিক অ্যাডামস। এরা হলেন টেলিকম শিল্পের প্রবর্তন এবং অভিবাসীদের ক্ষমতায়ন প্রচারে অবদান রাখায় রিভারটেলের প্রতিষ্ঠাতা এবং প্রধান নির্বাহী কর্মকর্তা রুহিন হোসেন, ইন্টারফেস মেডিকেল সেন্টারে নেতৃত্ব এবং দুর্দান্ত গেটওয়েল মেড কেয়ার পিসি প্রতিষ্ঠার মাধ্যমে দক্ষিণ পূর্ব এশীয় সম্প্রদায়ের মধ্যে স্বাস্থ্যসেবাকে ব্যাপকভাবে প্রভাবিত করায় ডা. শামীম আহমেদ, বাঙালী সংস্কৃতির সংরক্ষণ ও প্রচার করে প্রবাসী সম্প্রদায়ের কাছে বাংলাদেশীদের সম্মৃদ্ধ ঐতিহ্য তুলে ধরায় শিল্পকলা একাডেমি ইউএসএ'র প্রতিষ্ঠাতা মনিকা রায় এবং স্টারলিং ডায়াগনস্টিক এলএলসির প্রতিষ্ঠাতা এবং সিইও আব্দুল চৌধুরী। সংবর্ধনা অনুষ্ঠানে বাঙালীর অবিস্মরণীয় বিজয়গাথা নিয়ে অলোচনার পাশাপাশি সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। অনুষ্ঠানে বাঙালী কমিউনিটির জন্য হালাল খাবারেরও আয়োজন করা হয়। উল্লেখ্য, গত বছর প্রথম তার সরকারী বাসভবনে বাংলাদেশী হেরিটেজ ডে'র আয়োজন করেন মেয়র এরিক অ্যাডামস।

কুইন্স বরো প্রেসিডেন্ট এর কার্যালয়ে বাংলাদেশ হ্যারিটেজ ডে উদযাপন

এদিকে, নিউইয়র্ক সিটির কুইন্স বরো প্রেসিডেন্ট ডনাবান রিচোর্ড এর কার্যালয়ও বাংলাদেশ হ্যারিটেজ ডে উপলক্ষে অনুষ্ঠানমালার আয়োজন করে। গত ৫ মার্চ মঙ্গলবার বরো প্রেসিডেন্ট কার্যালয়ে বাংলাদেশী কমিউনিটির গণ্যমান্য ব্যক্তি ও সংগঠনকে সম্মননা প্রদান করা হয়। এসময় কমিউনিটি সেবায় বিশেষ অবদানের জন্য কয়েকজন বিশিষ্ট ব্যক্তি ও সংগঠনকে সম্মাননা প্রদান করা হয়।





পবিত্র রমজানের ফজিলত-গুরুত্ব ও তাৎপর্য শীর্ষক আলোচনা

(শেষের পাতার পর)

রমজানের গুরুত্ব, তাৎপর্য ও ফজিলত বর্ণনা করেন। রোজা পালনের নিয়ম-কানুনসহ মাহে রমজানের পবিত্রতা রক্ষায় করনীয় ও বর্জনীয় সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন ইসলামী স্কলারগণ। তারা বলেন, গুনাহ মাফের সর্বোত্তোম মাস হচ্ছে রমজান।

মদিনা মসজিদ পরিচালনা কমিটির সভাপতি এডভোকেট মোহাম্মদ নাসির উদ্দিনের সভাপতিত্বে এবং আসলাম সিকদারের পরিচালনায় অনুষ্ঠানে আলোচনায় অংশ নেন বিশিষ্ট ইসলামী চিন্তাবিদ মাওলানা হাফেজ আহমদুল হক, মুফতি মাওলানা মোহাম্মদ ইসমাইল, মাওলানা সুন্নাতুর রহমান, হাফিজ জুলকিফ চৌধুরী প্রমুখ।

শুভেচ্ছা বক্তব্য রাখেন কুইন্স ডেমোক্রেটিক পার্টির ডিস্ট্রিক্ট লীডার এটর্নী মঈন চৌধুরী ও মসজিদের সাধারণ সম্পাদক মোহাম্মদ এনায়েত হুসেন জালাল।

অনুষ্ঠানে আলোচকগণ বলেন, পবিত্র রমজান মাস অন্যান্য মাস থেকে মর্যাদাপূর্ণ একটি মাস। এ মাসেই মহান আল্লাহপাক পবিত্র কুরআন নাজিল করেন। ইহকালীন ও পরকালীন সব কিছুরই দিক নির্দেশনা রয়েছে এ পবিত্র কোরআনে। তারা বলেন, প্রকৃত অর্থে রমজান মুসলমানের জন্য আল্লাহ তায়ালার নৈকট্য লাভের এক সুবর্ণ সুযোগ। গুনাহ মাফের জন্য রমজান মাস হচ্ছে সর্বোত্তোম মাস। রমজান মাসেই পবিত্র শবেকদর নামে মহা মহিমান্বিত এক রজনী রয়েছে, যা হাজার মাসের চেয়েও উত্তম। এই রাতে মহান আল্লাহতায়ালা পবিত্র কুরআন নাজিল করেন। শবেকদর রাত মুমিন মুসলমানদের ইবাদত-বন্দেগির, পাপ-পঙ্কিলতা থেকে মুক্তির। এ রাতে মহান আল্লাহতায়ালা তাঁর বান্দাদের প্রতি বরকত ও রহমত নাজিল করেন। যারা আল্লাহর দরবারে ক্ষমা প্রার্থনা করেন, গুনাহ মাফ চান, আল্লাহ পাক তাদেরকে মাফ করে দেন।

মুসলিম উম্মাহসহ বিশ্ব মানবতার জন্য আল্লাহর রহমত কামনায় মোনাজাতের মধ্য দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি হয়। মুনাজাত পরিচালনা করেন মাওলানা হাফেজ আহমদুল হক। বিপুল সংখ্যক মুসল্লী উপস্থিত ছিলেন সেমিনারে। সভাপতি এডভোকেট মোহাম্মদ নাসির উদ্দিন ও সাধারণ সম্পাদক মোহাম্মদ এনায়েত হুসেন জালাল অনুষ্ঠানে উপস্থিত সকলের প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান।

রমজানের আগে ৯০০ পণ্যের দাম কমালো কাতার

শুরু হলো রোজা

বাংলা পত্রিকা রিপোর্ট: সৌদি আরবে রোজা শুরু হলো সোমবার থেকে। রোববার সন্ধ্যায় দেশটির সুপ্রিম কোর্ট এ কথা ঘোষণা করেছে। আরব নিউজের খবরে বলা হয়, রোববার সন্ধ্যায় সৌদি আরবের সুদাইর ও আল-হারিকে চাঁদ দেখা গেছে।

আরবি ক্যালেন্ডারের নবম মাস হলো পবিত্র রমজান। এ মাসে ধর্মপ্রাণ মুসলমানরা ভোর থেকে সূর্যাস্ত পর্যন্ত সকল প্রকার পানাহার থেকে বিরত থাকে আল্লাহর সন্তুষ্টি লাভের উদ্দেশে। পবিত্র এই মাস হলো আত্মসংযমের মাস। এ মাসে মুসলমানরা বেশি বেশি কোরআন পাঠসহ ইবাদত বন্দেগি করে থাকেন।স এর আগে রমজান শুরুর তারিখ ঘোষণা করেছে অস্ট্রেলিয়া, মালয়েশিয়া, ইন্দোনেশিয়া, সিঙ্গাপুর, ব্রুনাই, ফিলিপাইন ও জাপান। দেশগুলোতে রমজান শুরু হবে মঙ্গলবার থেকে। বাংলাদেশেও রোজা শুরু হচ্ছে মঙ্গলবার।

রমজানের আগে ৯০০ পণ্যের দাম কমালো কাতার

এদিকে প্রতি বছরের মতো এবারও পবিত্র রমজান মাসের আগেই কয়েকশ' পণ্যের দাম কমিয়ে দিয়েছে মধ্যপ্রাচ্যের অন্যতম ধনাঢ্য দেশ কাতার। ২০২১ সালে দেশটি প্রায় ৬৫০ পণ্যের দাম কমিয়েছিল। ২০২২ সালে সেই সংখ্যা বেড়ে দাঁড়ায় ৮০০তে, ২০২৩ সালে সেটি আরো বাড়িয়ে ৯০০র বেশি পণ্যের দাম কমায় মধ্যপ্রাচ্যের দেশটি। এ বছরও প্রায় একই সংখ্যক পণ্যের দাম কমিয়েছে কাতারি কর্তৃপক্ষ।

দোহা নিউজ জানায়, কাতারসহ মধ্যপ্রাচ্যের দেশগুলোতে এ বছর রমজান মাস শুরু হতে পারে আজ থেকে। তার আগেই কাতারের বাণিজ্য ও শিল্প মন্ত্রণালয় জানিয়েছে, দেশটিতে নয় শতাধিক পণ্যে বিশেষ মূল্যছাড় দেওয়া হয়েছে। গত ৪ মার্চ থেকেই কার্যকর হয়েছে নতুন মূল্যতালিকা, চলবে রমজান মাসের শেষ পর্যন্ত। দেশটির বড় বড় খুচরা বিক্রয় প্রতিষ্ঠানগুলোর সঙ্গে সমন্বয়ের মাধ্যমে এ উদ্যোগ বাস্তবায়িত হচ্ছে বলে জানিয়েছে কাতার সরকার।

কাতারে রমজান মাস উপলক্ষে মূল্যছাড় দেওয়া পণ্যগুলোর মধ্যে রয়েছে দুধ, দই এবং দুগ্ধজাত পণ্য, টিস্যু পেপার, পরিচ্ছন্নতা উপকরণ, রান্নার তেল ও ঘি, পনির, হিমায়িত সবজি, বাদাম, বোতলজাত পানি, জুস, মধু, মুরগি, রুটি, টিনজাত খাবার, পাস্তা, ভার্মিসেলি, গোলাপ জলসহ আরও অনেক কিছু।

হোমিও চিকিৎসা



এস.কে.শর্মা

D.H.M.S (B.D) N.H.C (USA)
Homeopathic Specialist

আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন।
আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।

